


শ্রবণহীনতা এবং আপনার শিশু: পরবর্তী পদক্ষেপ

নিউ সাউথ ওয়েলস্-এর পরিবারদের জন্য একটি তথ্য পুস্তিকা



নিউ সাউথ ওয়েলস্-এর রাজ্য জুড়ে শিশুর শ্রবণশক্তির উপর ভিত্তি
করে শিশু বাছাইয়ের একটি কার্যক্রম পদক্ষেপ

NSW DEPARTMENT OF HEALTH
73 Miller Street
North Sydney NSW 2060
Tel. (02) 9391 9000
Fax. (02) 9391 9101
TTY. (02) 9391 9900
www.health.nsw.gov.au

এই কাজটি কপিরাইট করা। উৎস সঠিকভাবে উল্লেখ করে এই পুস্তিকাটি
প্রশিক্ষণ দেয়ার কাজে সম্পূর্ণ বা এর কিছু অংশ পুনরায় তৈরী করা যেতে পারে।
এটি বাণিজ্যিক ভিত্তিতে ব্যবহার বা বিক্রির জন্য পুনরায় তৈরী করা যাবে না।
উপরে উল্লিখিত কারণসমূহ ব্যতিরেকে পুনরায় তৈরী করার জন্য নিউ সাউথ
ওয়েলস্-এর স্বাস্থ্য বিভাগের লিখিত অনুমতি প্রয়োজন হবে।

© NSW Department of Health 2007
ISBN: 978 1 74187 138 8
SHPN: (PHCPB) 07/111


এই ডকুমেন্টের আরো কপি জন্য দয়া করে যোগাযোগ করুন:
Better Health Centre – Publications Warehouse
Locked Mail Bag 5003
Gladesville NSW 2111
Tel. (02) 9816 0452
Fax. (02) 9816 0492

এই ডকুমেন্টের আরো কপি নিউ সাউথ ওয়েলস্-এর স্বাস্থ্য বিভাগের ওয়েব সাইট
থেকে ডাউনলোড (নামাতে) করতে পারেন www.health.nsw.gov.au

জুলাই ২০০৭

সূচীপত্র

- অনুচে ছদ ১ আমি কিভাবে এই তথ্য পুস্তিকা ব্যবহার করবো?
- অনুচে ছদ ২ আপনার শিশুর জন্য পরবর্তী পদক্ষেপ
- অনুচে ছদ ৩ শ্রবশক্তি এবং শ্রবশহীনতা
- অনুচে ছদ ৪ সচরাচর জিজ্ঞাসিত প্রশ্ন
- অনুচে ছদ ৫ আপনার শিশুর সাথে যোগাযোগ
- অনুচে ছদ ৬ প্রাথমিক পর্যায়ে হস্তক্ষেপ
- অনুচে ছদ ৭ সমর্থন
- অনুচে ছদ ৮ ভীত
- অনুচে ছদ ৯ তথ্য সম্পদ এবং অতিরিক্ত তথ্য





শ্রবণহীনতা এবং আপনার শিশু: পরবর্তী পদক্ষেপ

সূচনা

শ্রবণহীনতা এবং আপনার শিশু: পরবর্তী পদক্ষেপ। নিউ সাউথ ওয়েলস্ - এর পরিবারদের জন্য একটি তথ্য পুস্তিকা যা শিশুর শ্রবণশক্তির উপর ভিত্তি করে রাজ্য জুড়ে শিশু বাছাই কর্মসূচীর অংশ হিসাবে তৈরি করা হয়েছে। শিশুদের শ্রবণহীনতার সমস্যা আবিষ্কারের পর পিতামাতা যখন এই সকল সমস্যার মোকাবেলা করেন তাদেরকে এই শ্রবণশক্তি (এস ডবি উ আই এস এইচ) কার্যক্রমটি সাহায্য করে।

শ্রবণশক্তির উপর ভিত্তি করে রাজ্য জুড়ে শিশু বাছাই- (এস ডবি উ আই এস এইচ) কার্যক্রম

নিউ সাউথ ওয়েলস্ রাজ্য জুড়ে শিশু বাছাই - শ্রবণশক্তি (এস ডবি উ আই এস এইচ) কার্যক্রমের লক্ষ্য হলো নিউ সাউথ ওয়েলস্-এ জন্মানো সকল শিশু যারা জন্মের ৩ মাসের মধ্যে উলে খযোগ্য এবং স্থায়ী দ্বিমুখী (দুইটি) শ্রবণহীনতার সমস্যায় আক্রান্ত হয়, তাদেরকে চিহ্নিত করা। এছাড়াও এর লক্ষ্য হলো সেই সকল শিশুদেরকে চিহ্নিত করা যারা ৬ মাস বয়সের মধ্যে যথাযথ হস্তক্ষেপ পেতে সক্ষম। সার্বজনীনভাবে সকল সদ্য জন্মানো শিশুর শ্রবণশক্তি পরীক্ষণের মাধ্যমে এই চিহ্নিতকরণ করা সম্ভব।

নবজাতক সময়ে শ্রবণশক্তির সমস্যা নির্ণয়ে প্রযুক্তিবিদ্যা রয়েছে। প্রাথমিক পর্যায়ে চিহ্নিতকরণ এবং হস্তক্ষেপ গুরুত্বপূর্ণ, গবেষণায় দেখা গেছে যে ৬ মাস বয়সের মধ্যে হস্তক্ষেপ শুরু করলে কথা এবং ভাষা উন্নয়নে ভালো ফলাফল পাওয়া যেতে পারে এবং চলমান বিশেষ শিক্ষার প্রয়োজন কমানো যায়।

প্রতিটি স্বাস্থ্য সেবা এলাকায় একজন করে এস ডবি উ আই এস এইচ সমন্বয়কারী/ গণ আছেন যারা তাদের নির্ধারিত এলাকায় অবস্থিত সকল স্বাস্থ্য কেন্দ্রে শ্রবণশক্তি পরীক্ষণ কার্যক্রম বাস্তবায়ন এবং ব্যবস্থাপনার জন্য দায়িত্বপ্রাপ্ত। এই মডেল এস ডবি উ আই এস এইচ সমন্বয়কারীদের তাদের এলাকায় স্বাস্থ্য সেবায় স্নতন্ত্র প্রয়োজন মেটাতে ছাড় দিয়ে থাকে। সর্বোচ্চ সংখ্যক পরীক্ষণ নিশ্চিত করতে এস ডবি উ আই এস এইচ সমন্বয়কারীগণ সৃজনশীল উদ্যোগ গ্রহণ করেছেন, যেমন এই উদ্দেশ্যে তারা বেসরকারী হাসপাতালের সাথে চুক্তিবদ্ধ হয়েছেন এবং স্থানীয় চাহিদা মেটাতে (যেমন অস্ট্রেলিয়ান আদিবাসী এবং সাংস্কৃতিকভাবে ও ভাষাগতভাবে বৈচিত্র্যময় জনগণের জন্য) নিবেদিত পরীক্ষক নিয়োগ করেছেন।

এই কার্যক্রমের পরীক্ষণ অংশটি স্বনিয়ন্ত্রিত শ্রাবণিক মস্তিষ্কের সাড়া (এ এ বি আর) প্রযুক্তিবিদ্যা ব্যবহার করে নিউ সাউথ ওয়েলস্-এর সকল নবজাতক শিশুকে শ্রবণশক্তি পরীক্ষা করে। যদি নবজাতক শ্রবণশক্তি পরীক্ষায় উত্তীর্ণ না হয়, তাহলে তাদেরকে রোগ নির্ণয়ে শ্রবণ বিষয়ক মূল্যায়নের জন্য পাঠানো হয়। পিতামাতা/সেবাপ্রদানকারীগণদের উদ্দেশ্যে তৈরীকৃত পুস্তিকায় এস ডবি উ আই এস এইচ কার্যক্রম সম্পর্কে বর্ণনা করা হয়েছে। ছাপানো আকারে এবং নিউ সাউথ ওয়েলস্ স্বাস্থ্য বিভাগের ওয়েব সাইটে ইংরেজী এবং ১৬টি অন্যান্য ভাষায় এই পুস্তিকা আপনি পাবেন।

এস ডবি উ আই এস এইচ রোগ নির্ণয়ে শ্রবণ বিষয়ক মূল্যায়ন ব্যবস্থা তিনটি ত

তীয় মাত্রার শিশু হাসপাতালের মাধ্যমে প্রদান করা হয়। সমগ্র রাজ্য জুড়ে তিনটি শিশু সেবা ব্যবস্থার নেটওয়ার্ক রয়েছে এবং এই হাসপাতালগুলো হল ঐ সকল নেটওয়ার্ক সমূহের প্রধান সেবা কেন্দ্র। নবজাতক শ্রবণশক্তি পরীক্ষায় এবং মেডিকেল মূল্যায়ন কার্যক্রমে অংশগ্রহণ করে যাতে করে এটা নির্ধারন করা যায় যে তাদের জন্য কি ধরনের উপযুক্ত হস্তক্ষেপ প্রয়োজন। ঐ সকল পিতামাতাদের জন্য এস ডবি উ আই এস এইচ যানবাহন অনুদানের ব্যবস্থা করা হয়েছে যারা তৃতীয় মাত্রার শিশু হাসপাতাল থেকে গ্রহণযোগ্য পরিমাণ দূরত্বে বাস করেন। এই অনুদানের আওতায় তাদেরকে হাসপাতালে ভ্রমণের জন্য যানবাহনের খরচ প্রদান করা হবে।

রোগ নির্ণয়ের পর, নবজাতকদেরকে তাদের শ্রবণহীনতার মাত্রার উপর ভিত্তি করে, নির্দিষ্ট মেডিকেল ডায়াগনস্টিক এবং পিতামাতাদের পছন্দের উপর ভিত্তি করে উপযুক্ত হস্তক্ষেপ সেবা ব্যবস্থায় পাঠানো হবে।



A

Acoustic nerve অ্যাকুস্টিক নাভ
অষ্টম করোটিকা স্নায়ু তৈরী হয় শ্রবণ
স্নায়ু (ককলিয়ার) এবং ভারসাম্য স্নায়ুর
(ভেস্টিবুলার) সমন্বয়ে।

Acquired deafness অর্জিত বধিরত্ব
বধিরত্ব বা শ্রবণ ক্ষমতা নষ্ট হওয়া যা
জন্মগত নয় বরং পরবর্তী জীবনে অর্জিত
হয়।

Amplification বর্ধিতকরণ
শ্রবণ সহায়ক যন্ত্র এবং অন্যান্য বৈদ্যুতিক/
তড়িৎ যন্ত্র যা শব্দের মাত্রা বর্ধন করে।

**Assistive Communication
(listening) Devices** যোগাযোগ
সহায়ক যন্ত্র (শ্রবণ)

এমন একটি যন্ত্র যা শ্রবণ সহায়ক যন্ত্রের
পরিবর্তে বধির ব্যক্তিকে শব্দ শুনতে সাহায্য
করে। উদাহরণস্বরূপ, বর্ধিত শব্দ মাত্রার
টেলিফোন, কম্পিত ঘড়ি বা হেয়ারিং লুপ
ব্যবস্থা।

Atresia (aural) অ্যট্রেসিয়া (কর্ণ)
একটি কর্ণ ক্রটি যাতে বহিঃকর্ণ সুড়ঙ্গ
অনুপস্থিত থাকে এবং সাধারণত উহাতে
বহিঃকর্ণ এবং/অথবা মধ্য কর্ণ অস্বাভাবিক
থাকে।

Audiogram অডিওগ্রাম
লেখচিত্র যা শ্রবণ পরীক্ষার ফলাফল রেকর্ড
করে। এতে উভয় কানের জন্য একটি করে
টেবিল ও গ্রাফ থাকে যাতে ব্যক্তির শ্রবণ
ক্ষমতা বিভিন্ন তরঙ্গের ঘাটাই করা যায়।

**Audiological assessment/
evaluation** অডিওলজিক্যাল
এ্যাসেসমেন্ট/মূল্যায়ন
বিভিন্ন শ্রবণ পরীক্ষা যাতে শ্রবণ ক্ষমতা নষ্ট
হওয়ার ধরণ ও মাত্রা দেখা যায়।

Audiologist অডিওলজিস্ট
অডিওলজিতে প্রশিক্ষণপ্রাপ্ত একজন ব্যক্তি;
যিনি শ্রবণ সমস্যা ও বধিরত্বের বিশেষায়িত
জ্ঞান রাখেন।

Audiology অডিওলজি
শ্রবণ ও শ্রবণ ক্ষমতা হ্রাস সংক্রান্ত জ্ঞান।

**Auditory Brainstem Response
(ABR) test** অডিটরি ব্রেইনস্টেম
রেসপন্স (এ বি আর) টেস্ট

একটি পরীক্ষা (ঘুমন্ত শিশুর উপর
প্রয়োগকৃত) যা শিশু ও ছোট বাচ্চাদের
শ্রবণ ক্ষমতা পরিমাপে ব্যবহৃত হয়।
শিশুর মাথায় স্থাপিত তড়িৎ দন্ডের মাধ্যমে
ইলেকট্রো-এনকেফালোগ্রাফিক প্রতিক্রিয়া
পরিমাপ করা হয় যার মাধ্যমে শিশুর
শ্রবণ স্নায়ুর প্রতিক্রিয়া পরিমাপ করা
হয়। অন্যান্য টার্মগুলো হলো: ব্রেইনস্টেম
ইভোকড্ রেসপন্স (বি এস ই আর),
ব্রেইনস্টেম অডিটরি ইভোকড্ পটেনশিয়াল
(বি এ ই পি), এবং ব্রেইনস্টেম অডিটরি
ইভোকড্ রেসপন্স (বি এ ই আর)।

**(Automated) Auditory
Brainstem Response ([A]ABR)**
(স্বয়ংক্রিয়) অডিটরি ব্রেইনস্টেম
রেসপন্স ([এ]এ বি আর)
অডিটরি ব্রেইনস্টেম রেসপন্স (এ বি আর)-
এর মতই (উপরে দেখুন) ব্যতিক্রম একটি
টেমপে ট হার বিপরীতে ওয়েভফর্ম সৃষ্টির
পরিমাপ করা হয় যা পাস অথবা পাঠানো
ফলাফল নির্ধারণ করে।

**Auditory Neuropathy/
Dysynchrony (AN/AD)** অডিটরি
নিউরোপ্যাথি/ডিসিনক্রোনি (এ
এন/এ ডি)
এটি পরীক্ষার ধরণের নাম যা কোন রোগ
নির্ণয় বা অবস্থা নয়। এ এন/এ ডি ঘটে
যখন শব্দ স্বাভাবিকভাবে কানে প্রবেশ
করে, কিন্তু অন্তঃকর্ণ হতে মস্তিষ্ক পর্যন্ত
শব্দের পরিবহন স্বাভাবিকভাবে হয় না।

B

Bilateral hearing loss উভয়
দিকের শ্রবণহীনতা
উভয় কানের শোনার ক্ষমতা নষ্ট হওয়া

Binaural উভয় কর্ণ
উভয় কর্ণ সম্পর্কিত



শ্রবণহীনতা এবং আপনার শিশু: পরবর্তী পদক্ষেপ

সার-সংক্ষেপ

C

Canal, ear কর্ণকুহর, কর্ণ

পিনা হতে এয়ারড্রাম পর্যন্ত একটি পথ যার মধ্য দিয়ে শব্দ ভ্রমণ করে।

Cerumen সেরুমেন

হলুদ বা ধূসর মোমের মত পদার্থ (“এয়ারওয়াক্স”) যা বহিঃকর্ণে বহিঃরস্ম এক তৃতীয়াংশ স্থানে তৈরি হয়।

Cochlea ককলিয়া

অন্তঃকর্ণে সর্পিলা আকৃতির টিউব যেখানে শব্দ তরঙ্গ স্নায়ু উদ্দীপনায় পরিবর্তিত হয়ে মস্তিষ্কে যায়।

Cochlear implant

ককলিয়ার ইমপ্লান্ট

একটি মেডিকেল যন্ত্রাংশ যা শল্য চিকিৎসার মাধ্যমে কানে স্থাপিত হয় এবং অন্তঃকর্ণে ক্ষতিকে পাশ কাটিয়ে সরাসরি শ্রবণ স্নায়ু উদ্দীপ্ত করে। যাতে উচ্চমাত্রার শ্রবণ ক্ষমতা হারানো ব্যক্তি শব্দ ও কথা বুঝতে পারে।

Conductive hearing loss

পরিবাহিত শ্রবণহীনতা

তিন প্রকার শ্রবণহীনতার মধ্যে একটি (শ্রবণহীনতা দেখুন)।

D

Decibel ডেসিবেল

শব্দ পরিমাপের একক। যখন শ্রবণ ক্ষমতা পরিমাপ করা হয়, ডেসিবেল প্রকাশ করে শব্দের তীব্রতা ও উচ্চমাত্রা। ফিসফস হচ্ছে ২০ ডেসিবেল, ফোন রিং হচ্ছে ৮০ ডেসিবেল এবং জেট ইঞ্জিন উড্ডয়ন হচ্ছে ১৫০ ডেসিবেল।

Diagnostic audiologic evaluation রোগনির্ণায়ক অডিওলজিক মূল্যায়ন

একজন ব্যক্তির শ্রবণ ক্ষমতার অবস্থা নির্ধারণে একজন অডিওলজিস্ট শ্রবণের উপর বিভিন্ন ধাপে পরীক্ষা করে থাকেন। এই সকল পরীক্ষা থেকে নিশ্চিত হওয়া যাবে শ্রবণজনিত কোন সমস্যা আছে কিনা, এবং যদি থাকে তা কত টুকু।

E

Ear, external কান, বহিঃকর্ণ

পিনা (যে অংশ আমরা দেখতে পাই), কর্ণকুহর/ সুড়ঙ্গ এবং এয়ার ড্রামের বহিঃরাঙ্গ নিয়ে বহিঃকর্ণ গঠিত হয়।

Ear, inner কান, অন্তঃকর্ণ

ভেস্টিবল, সেমি সারকুলার ক্যানাল এবং অন্তঃআবরণ ডিম্বাকৃতি ও গোল জানালা এবং ককলিয়া নিয়ে অন্তঃকর্ণ গঠিত।

Ear, middle কান, মধ্যকর্ণ

এয়ার ড্রাম, তিনটি ছোট অস্থি যা অসিকল নামে পরিচিত এবং ইউস্টেশিয়ান টিউব নিয়ে মধ্যকর্ণ গঠিত।

Earache কান ব্যাথা

কান থেকে উদ্ভূত যে কোন ব্যাথা। একে পরিভাষায় অটালজিয়া বলা যায়।

Eardrum এয়ার ড্রাম

এয়ার ড্রাম একটি পাতলা পর্দা যা কর্ণ সুড়ঙ্গ এবং মধ্য কর্ণ পৃথক করে। চিকিৎসা পরিভাষায় একে টিমপ্যানিক মেমব্রেন বলে।

Ear specialist কান বিশেষজ্ঞ

সাধারণভাবে একজন ই এন টি (কান, নাক এবং গলা) বিশেষজ্ঞ।

Ear wax এয়ার ওয়াক্স

বহিঃকর্ণের কর্ণকুহরে খেল; সেরুমেন দেখুন।

Eustachian tube ইউস্টেশিয়ান টিউব

মধ্য কর্ণ ও গলার মধ্যকার একটি সংযোগ পথ যা বাতাসকে মধ্যকর্ণে যেতে এবং বাইরে আসতে সাহায্য করে। এটি নিশ্চিত করে যে মধ্যকর্ণে বাতাসের চাপ এবং এয়ার ড্রামের বাইরে বাতাসের চাপ একই থাকে।



F

Feedback ফিডব্যাক

হাইস্পি শব্দ যা শ্রবণ সহায়ক যন্ত্র দ্বারা তৈরী হয়।

Frequency তরঙ্গ মাত্রা

তরঙ্গ মাত্রার বিপরীতে মানসিক রেসপন্সকে পিচ বলে। তরঙ্গ মাত্রা হার্টজ (Hz) এবং কিলোহার্টজ (kHz)-এ পরিমাপ করা হয়। ১০০০ Hz = ১ kHz।

G

Genetic deafness

বংশগত বধিরতা

দোষী জিন দ্বারা পরিবাহিত বধিরতা

Glue ear গ্লু এয়ার

মধ্যকর্ণ সংক্রমণের একটি সাধারণ জটিলতা। “গ্লু” একটি ঘন আঠালো তরল যা সংক্রমণ শেষ হবার পরে মধ্যকর্ণের গভীরে অবস্থান করে। গ্লু এয়ার এর জন্য শব্দ বহিঃকর্ণ থেকে অন্তঃকর্ণে ভ্রমণ কষ্ট হয়।

Grommets গ্ৰোমেট

গ্লু এয়ারের চিকিৎসা হিসাবে একটি পাস্টিক টিউব যা শিশুর কানে প্রবেশ করানো হয়।

H

Hair cells হেয়ার সেলস্

অন্তঃকর্ণে চুলের-ন্যায় বস্তু যা শব্দ তরঙ্গকে তড়িৎ তরঙ্গে রূপান্তর করে এবং শ্রবণ স্নায়ু অডিটরি নার্ভের মাধ্যমে মস্তিষ্কে পাঠায়।

Hearing aid হেয়ারিং এইড

শব্দ বর্ধক তড়িৎ যন্ত্র যার মাধ্যমে শ্রবণহীন ব্যক্তি শুনতে পায়।

Hearing aid, Behind-the-Ear

(BTE) হেয়ারিং এইড, কানের পেছনে (বি টি ই)

এক ধরনের হেয়ারিং এইড যা কানের পেছনে থাকে, এবং যা কর্ণ কুহরে শব্দ পরিবহন করে টিউবিং এবং কাস্টম এয়ার মোডের মাধ্যমে।

Hearing aid, Completely-in-the-Canal (CIC) হেয়ারিং এইড, সম্পূর্ণ কর্ণ কুহরে (সি আই সি)

অতি ক্ষুদ্র এক ধরনের হেয়ারিং এইড এবং এয়ার ক্যানালের অভ্যন্তরে ফিট হয় যা স্বাভাবিক শ্রবণের মত কাজ করে। এটি কাস্টম ডিজাইন হিসাবে তৈরী করা যাতে তা কর্ণকুহরে ফিট হয়।

Hearing aid, In-the-Ear (ITE)

হেয়ারিং এইড, কর্ণ অভ্যন্তরে (আই টি ই)

এক ধরনের হেয়ারিং এইড যা বহিঃকর্ণ বা কর্ণকুহরে ফিট হয়। এটি কাস্টম ডিজাইন করা যাতে কর্ণকুহরে ফিট হয়।

Hearing loop system হেয়ারিং লুপ সিস্টেম

এটি শ্রবণ সহায়ক যন্ত্র যা গঠিত হয় একটি মাইক্রোফোন(গুনো), একটি এমপি ফায়ার এবং একটি তারের লুপ দ্বারা যা কানে পরা যায় অথবা যা ঘরের কোন অংশে স্থাপন করা যায়। শব্দ সরাসরি হেডফোন বা হেয়ারিং এইডে পরিবাহিত হয় যা মানুষ পরে থাকে, এবং এতে বাইরের শব্দের সমস্যা কম হয়।



আন্তর্জাতিক বধিরতার প্রতীক দেখানো হয় যেখানে হেয়ারিং লুপ পাবলিক পে সে স্থাপিত থাকে।

Hearing loss, conductive

শ্রবণহীনতা, পরিবহনজনিতকরণ

শ্রবণহ্রাস, শব্দের চাপের তরঙ্গের ককলিয়া পৌঁছানোতে যখন সাধারণ বাতাসে শব্দ পরিবাহিত হয়। এই ধরনের বধিরতা পায়ই মেডিকেল অথবা শল্য চিকিৎসায় সাড়া দেয়।

Hearing loss, mixed শ্রবণহীনতা, মিশ্র

পরিবহনজনিত ও সেনসরিনিউরাল শ্রবণহীনতা।



শ্রবণহীনতা এবং আপনার শিশু: পরবর্তী পদক্ষেপ

সার-সংক্ষেপ

Hearing loss, sensorineural শ্রবণহীনতা, সেনসরিনিউরাল

এক ধরণের শ্রবণহ্রাস যার কারণে ককলিয়া ক্ষতিগ্রস্ত হওয়া। সেনসরিনিউরাল সাধারণত নিরাময় অযোগ্য।

Hertz হার্টজ (Hz)

যখন শ্রবণ ক্ষমতা পরীক্ষা করা হয়, Hz নির্দেশ করে শব্দের পিচ বা তরঙ্গ মাত্রা। ২৫০ Hz নিম্ন তীব্রতার এবং ৮০০০ Hz উচ্চ তীব্রতার শব্দ।

Hearing screening হেয়ারিং স্ক্রিনিং

পরীক্ষার সময় নির্ধারণ করা হয় যে শ্রবণশক্তি ঠিক আছে কি না অথবা আরও পরীক্ষণের প্রয়োজন আছে কি না। স্ক্রিনিং টেস্ট ডায়গনস্টিক টেস্টের মত না যা শ্রবণশক্তি পরীক্ষা সুচারুভাবে করে। স্ক্রিনিং টেস্টে কোন সমস্যা পেলো শ্রবণ পরীক্ষা পুনঃরায় করা হয়। দ্বিতীয়বার পরীক্ষার পর প্রয়োজন হলে ডায়গনস্টিক শ্রবণ পরীক্ষার জন্য পাঠানো হয়।

I Impression ইমপ্রেশন

একটি কাস্ট যা কন্ট্রার দ্বারা তৈরি বহিঃকর্ণে, যা হতে এয়ারমোল্ড (বি টি ই-এর যন্ত্রপাতির জন্য) অথবা কাস্টম শেল (আই টি ই, আই টি সি এবং সি আই সি-এর যন্ত্রপাতির জন্য) তৈরি হয়। ইমপ্রেশন সাধারণত সিলিকন অথবা নরম বস্তু দিয়ে তৈরি যা কর্ণ কুহরে ঢুকানো হয়।

L Lip read ঠোঁট পঠন

বক্তার ঠোঁট লক্ষ্য করে বক্তব্য বুঝতে পারা। এটা এখন সাধারণত বাচনভঙ্গি পড়া নামে পরিচিত, যখন থেকে চেহারার অভিব্যক্তি এবং ইশারা/ইঙ্গিত যোগাযোগে প্রবেশ করেছে।

M Microtia মাইক্রোশিয়া

বহিঃকর্ণের অস্বাভাবিক গঠন। সাধারণ বহিঃকর্ণের চামড়ার সমস্যা থেকে বহিঃকর্ণের অনুপস্থিতিও হতে পারে।

Mixed hearing loss

মিশ্র শ্রবণহীনতা

তিন ধরণের মধ্যে এক ধরণের শ্রবণহীনতা (শ্রবণহীনতা দেখুন)

N Nerve, cochlear স্নায়ু, কক্লিয়ার অস্টম করোটিকা (একোস্টিক) স্নায়ুর শাখা যা উদ্ভূত হয় ককলিয়া হতে এবং মস্তিষ্কে শব্দ পরিবহন করে।

O Ossicles অসিকলস্(ক্ষুদ্র অস্থি) মধ্য কর্ণের ক্ষুদ্র অস্থি যা শব্দ পরিবহন করে এয়ার ড্রাম হতে ওভাল জানালা পর্যন্ত। এরা হ্যামার (ম্যালিয়াস), অ্যানভিল (ইনকাস), স্ট্রাপ্ (স্টেপস্) নামে পরিচিত।

Otitis ওটাইটিস কর্ণে প্রদাহের জন্য একটি বৃহত্তর রূপ।

Otitis Media (OM) ওটাইটিস মিডিয়া (ও এম)

মধ্য কর্ণের সংক্রমণ। বারে বারে কর্ণ সংক্রামিত শিশুর শ্রবণ ক্ষমতা হ্রাস হতে পারে এবং ভাষা ও উচ্চারণ বিকাশ বাধাগ্রস্ত হবার ঝুঁকি থাকে।

Otoacoustic Emissions (OAE) ওটোএকোস্টিক ইমিশনস্ (ও এ ই)

শ্রবণ পরীক্ষা যাতে কর্ণ কুহরে ক্লিকস্ বা টোন বাস্টস্ এর ফলে ককলিয়াতে যে শব্দ তরঙ্গ হয় তা মাপার জন্য মাইক্রোফোন ব্যবহৃত হয়।



P

Perforated eardrum এয়ার ড্রাম ফুটো হওয়া

দুর্ঘটনায় বা রোগে এয়ার ড্রামের ফুটো হওয়া/ছিড়ে যাওয়া।

Pinna পিনা

কর্ণের অংশবিশেষ যা মাথার পাশ থেকে দেখা যায়।

Profound deafness অতীব বধিরত্ব

প্রচন্ড শ্রবণ শক্তিহাস সম্পূর্ণ বধিরত্বের দারপ্রাপ্তে নিয়ে যায়।

Pure tone পিউর টোন

একক তরঙ্গ মাত্রার একটি ত্রুমাগত সিগন্যাল যা সাধারণত শ্রবণ স্ক্রিনিং টেস্টে ব্যবহৃত হয়।

R

Risk factor ঝুঁকির ব্যাপার

একটি ঝুঁকির ব্যাপার যাতে শিশু জন্ম নিতে পারে শ্রবণ ক্ষমতা ছাড়া। ঝুঁকির মধ্যে আছে শ্রবণ ক্ষমতা হ্রাসের ইতিহাস, মেনিনজাইটিস, জন্মগত সংক্রমন, অতি অল্প জন্ম ওজন।

S

Statewide Infant Screening-Hearing (SWISH) রাজ্যময় শিশুর শ্রবণ স্ক্রিনিং (এস ডিবি উ আই এস এইচ)

এই কর্মসূচীর মাধ্যমে নিউ সাউথ ওয়েলস্-এর সকল নবজাতক শিশুর শ্রবণ ক্ষমতা জন্মের প্রথম কয়েকদিনের মধ্যে পরীক্ষা করা হয়/স্ক্রিনিং করা হয়।

Severe deafness চরম বধিরতা

বধিরতার একটি পর্যায় যেখানে শ্রবণ যন্ত্রের সহায়তা প্রয়োজন হয়।

Sign language ইঙ্গিতের ভাষা

প্রথাগত ইঙ্গিতের ব্যবস্থাপনা যা হাতের মাধ্যমে তৈরি, যা বধিদের যোগাযোগে সাহায্য করে। এটি আঙ্গুল স্পেলিং হতে ভিন্নতর।

Stethoclip স্টেথোক্লিপ

একটি যন্ত্র যা নিশ্চিত করে শ্রবণ যন্ত্র কাজ করছে কিনা।

T

Tympanic membrane টিমপেনিক মেমব্রেন

এয়ার ড্রাম দেখুন।

U

Unilateral hearing loss

শ্রবণহীনতা একদিকে

শ্রবণহীনতা শুধু এক কানে।



শ্রবণহীনতা এবং আপনার শিশু: পরবর্তী পদক্ষেপ

কিভাবে আমি এই তথ্য পুস্তিকা ব্যবহার করবো?

এই তথ্য পুস্তিকা কি?

এই তথ্য পুস্তিকা আপনার ব্যবহারের জন্য যখন আপনার শিশুর শ্রবণহীনতার রোগ নির্ণয় করা হবে। এই পুস্তিকার দুইটি অংশ আছে। পুস্তিকার প্রধান অংশে শ্রবণহীনতা সম্পর্কে এমন তথ্য আছে যা আপনার আসন্ন মাসগুলোতে প্রয়োজন হবে।

পাঠ্যিক পকেটগুলোতে যে ছোট কাগজগুলো রয়েছে সেগুলো আপনার শিশুর ব্যক্তিগত স্বাস্থ্য রেকর্ডের বইতে ভরে রাখুন।

সূচীপত্র

এই পুস্তিকার প্রধান অংশটি বাড়িতে রাখার জন্য আপনাকে দেয়া হয়েছে এবং নিম্নলিখিত তথ্য পূরণ করবেন:

- শ্রবণ শক্তি এবং শ্রবণহীনতা
- পেশাদার ব্যক্তিসমূহ যাদের সাথে আপনার দেখা হতে পারে
- আপনি কিভাবে আপনার শিশুর সাথে যোগাযোগ করবেন
- কোথায় আপনি আরো তথ্য পেতে পারেন
- ভাষা/পরিভাষা যা আপনার জানার প্রয়োজন হতে পারে

এই ফোল্ডারে কিছু পরিচ্ছেদ আছে যা একান্তভাবে এই বিষয়গুলোর প্রতিটিতে নিয়োজিত। আপনার জানতে চাওয়া প্রতিটি প্রশ্নের উত্তর এই তথ্যে দেয়ার ইচ্ছা নাই, তবে এটি আপনাকে আরো প্রশ্ন তৈরী করতে সাহায্য করবে এবং আরও সাহায্য করবে যে কোথায় এই সকল প্রশ্নের উত্তর পাওয়া যাবে।

শ্রবণহীনতার সমস্যা আবিষ্কারের পর পিতামাতা সাধারণ যে প্রশ্নগুলো জিজ্ঞাসা করে তা নিয়ে এই তথ্যগুলো সংকলন করা হয়েছে।

অন্যান্য পিতামাতাদের কাছ থেকে উপদেশ এবং সমর্থন

শ্রবণহীনতার সমস্যায় আছে এমন শিশুদের পিতামাতাদের যোগসাজশে এই তথ্য পুস্তিকা তৈরী করা হয়েছে। এই তথ্য পুস্তিকা জুড়ে এই সকল পিতামাতারা তাদের অভিজ্ঞতার কথা বলবে এবং একই সাথে আপনাকে উপদেশ প্রদান করবে।

অনুচ্ছেদ ৮: বিল্ডিং ব ক (বা ভীত) এর মধ্যে থাকে পিতামাতাদের মধ্যে পারস্পরিক নির্দেশনা, যা শ্রবণশক্তি হ্রাসপ্রাপ্ত একটি শিশুর পিতামাতা লিখেছেন অন্য পিতামাতাদের উদ্দেশ্যে।

একটি তথ্যসমৃদ্ধ ফোল্ডার যা আপনি রাখতে, ব্যবহার করতে এবং সময়ের সাথে সাথে এতে আরও কিছু সংজোজন করতে পারেন।

আপনার শিশুর শ্রবণহীনতা আবিষ্কারের পর প্রথম সপ্তাহ এবং মাসগুলোতে যে ধরনের তথ্য আপনার জন্য দরকারী হবে, তা এই ফোল্ডারের মধ্যে রয়েছে। এটা আশা করা যায় যে আপনার শিশু বাড়ার সাথে সাথে আপনি সর্বদা এই ফোল্ডারটি ব্যবহার এবং এতে অন্যান্য তথ্য সংজোজন করবেন।

আপনার শিশুর শ্রবণশক্তি হ্রাস পাওয়ার উপর একই স্থানে আপনাকে দেয়া সকল তথ্য এই ফোল্ডারটিতে রাখা যায় এবং এই ফোল্ডারটি রেফারেন্স বই হিসাবে ব্যবহার করা যায়।

আপনাকে দেয়া যে কোন তথ্য সম্পদ অনুচ্ছেদ ৯-এ সংরক্ষিত করা যেতে পারে: তথ্যসম্পদ এবং অতিরিক্ত তথ্য।

কিভাবে আমি এই তথ্য পুস্তিকা ব্যবহার করবো?



ব্যক্তিগত স্বাস্থ্য নথিপত্র/রেকর্ড, “আমার প্রথম স্বাস্থ্য রেকর্ড”

আপনার শিশুর ব্যক্তিগত স্বাস্থ্য রেকর্ড, “আমার প্রথম স্বাস্থ্য রেকর্ড” নথিভুক্ত করার জন্য পাণ্ডিক শিশুর ভিতর থাকা ছোট কাগজগুলো, আপনাকে দেয়া হয়েছে।

ব্যক্তিগত স্বাস্থ্য রেকর্ড, “আমার প্রথম স্বাস্থ্য রেকর্ড” - এ আপনার শিশুর স্বাস্থ্য সম্পর্কিত সকল বিষয়ের উপর তথ্য রয়েছে এবং এটি জন্মলগ্ন থেকে স্কুল বয়স পর্যন্ত তার বৃদ্ধির একটি রেকর্ড। এতে আরও আছে স্বাস্থ্য পরীক্ষার তথ্য যা তাদের বৃদ্ধির বিভিন্ন ধাপে প্রয়োজন হয়।

পরীক্ষনের মাধ্যমে চিহ্নিত শ্রবণশক্তি হ্রাসের সাথে নির্দিষ্টভাবে সম্পর্কযুক্ত এই পৃষ্ঠাগুলো আপনার জন্য যা আপনার শিশুর ব্যক্তিগত স্বাস্থ্য রেকর্ডে সংজ্ঞায়ন করবেন।

ব্যক্তিগত স্বাস্থ্য রেকর্ডটি আপনি আপনার শিশুকে নিয়ে প্রতিটি সাক্ষাতে নিয়ে যাবেন। এর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে জিপি, মেডিকেল বিশেষজ্ঞ এবং অন্যান্য স্বাস্থ্য পেশাজীবির সাথে সাক্ষাত।

এই পৃষ্ঠাগুলোতে আপনার পূরণ করার জন্য জায়গা আছে।

- রোগ নির্ণয়ের উপর তথ্য – এটি আপনার শিশুর অডিওলজিস্ট পূরণ করবেন। এটির মধ্যে প্রতিটি কণের শ্রবণশক্তি হ্রাসের তীব্রতা এবং পরামর্শের উপর নির্দিষ্ট তথ্য আছে।
- পেশাজীবী – আপনার শিশুর চিকিৎসা বিশেষজ্ঞদের নাম এবং যোগাযোগের তথ্য পূরণের জন্য এর মধ্যে আপনার জন্য স্থান আছে।
- পরিকল্পনার বর্ষপঞ্জী – সারা বছর জুড়ে আপনার শিশুর সাক্ষাতের সময়সূচী দেখার জন্য এটি একটি ভালো উপায়।
- সাক্ষাতের সময়সূচীর ব্যয় – আপনার শিশুর শ্রবণশক্তি হ্রাস সম্পর্কিত চিকিৎসা এবং অন্যান্য সেবার হিসাব রাখতে এটি একটি ভালো উপায়। বেশীর ভাগ অডিওলজিক্যাল সেবা বিনামূল্যে পাবেন।
- প্রাথমিক পর্যায়ের হস্তক্ষেপ – প্রাথমিক পর্যায়ের হস্তক্ষেপ সেবা যা আপনার শিশুর জন্য উপযুক্ত তা বাছাই করতে এটি একটি যাচাই তালিকা।



শ্রবণহীনতা এবং আপনার শিশু: পরবর্তী পদক্ষেপ

আপনার শিশুর জন্য পরবর্তী পদক্ষেপ

আজকের পরীক্ষা থেকে নিশ্চিত হওয়া গেছে যে আপনার শিশুর গুরুতর শ্রবণহীনতা আছে। আসন্ন মাসগুলোতে বিভিন্ন পেশাদার ব্যক্তির সাথে আপনার বেশ কতগুলো সাক্ষাতের প্রয়োজন হতে পারে।

আপনার অডিওলজিস্ট আপনাকে বলবে কারা এই পেশাদার ব্যক্তিবর্গ এবং প্রয়োজন অনুযায়ী তাদের সাথে আপনার সাক্ষাতের আয়োজন করবে।

প্রত্যেক পেশাজীবী আপনাকে আপনার শিশুর শ্রবণহীনতার উপর আরো তথ্য দিবে।

এক সময় মনে হতে পারে যে আপনি তথ্য জর্জরিত। আপনার সাথে পরবর্তী কয়েক মাসে যাদের সাথে দেখা হতে পারে তার তালিকা ব্যাখ্যা করতে এটি একটি নির্দেশিকা।

আপনার পরবর্তী পদক্ষেপ হবে আপনার শিশুর সকল রোগ নির্ণয়ের তথ্য রেকর্ড রাখা। এই তথ্য ছোট কাগজে রেকর্ড করতে পারেন যা আপনার শিশুর ব্যক্তিগত স্বাস্থ্য রেকর্ডে অন্তর্ভুক্ত করার জন্য তৈরি করা হয়েছে।

আপনার শিশুর রোগ নির্ণয়ের তথ্য পরিষ্কার করে লিখার জন্য এবং আপনার শিশুর স্বাস্থ্য সেবা দলের বিভিন্ন পেশাজীবীদের বিবরণের জন্য এই পৃষ্ঠাগুলো তৈরি করা হয়েছে। এই পৃষ্ঠাগুলোর মধ্যে রয়েছে বাৎসরিক কর্মসূচী, যেমন সাক্ষাতের সময়সূচী, সাক্ষাতের খরচ এবং গোড়ার দিকে হস্তক্ষেপ ব্যবস্থার যাচাই তালিকা।

অস্ট্রেলিয়ান হেয়ারিং-এ পাঠানো

অস্ট্রেলিয়ান হেয়ারিং শিশুদের (২১ বছর বয়স পর্যন্ত) সমন্বিত শ্রবণ বিষয়ক (হেয়ারিং) সেবা দিয়ে থাকে। অস্ট্রেলিয়ান হেয়ারিং-এর শিশু স্বাস্থ্য বিষয়ক সেবা কার্যক্রম আছে যার লক্ষ্য হলো বধির এবং শ্রবণশক্তি হ্রাসপ্রাপ্ত ও তাদের পরিবারদেরকে সাহায্য সহযোগিতা প্রদান করা যাতে করে প্রতিটি শিশুর বাকশক্তি, শিক্ষা এবং অপরের সাথে যোগাযোগের উন্নয়নে আশানুরূপ ফল পাওয়া যায়।

অস্ট্রেলিয়ান হেয়ারিং নিম্নলিখিত সেবাব্যবস্থা দিয়ে থাকে:

- সকল বয়সী শিশুদের জন্য সমন্বিত শ্রবণ মূল্যায়ন
- সর্বশেষ প্রযুক্তি সমন্বিত যন্ত্র লাগানো এবং আধুনিকীকরণ করা
- শ্রবণ যন্ত্রাদি ব্যবহার করে শিশুর কার্যবিধি মূল্যায়ন করা
- শিশু এবং তরুণ যারা ককলিয়ায় ইমপ্লান্ট ব্যবহার করে, তাদের ব্যাটারী প্রদান করা, যন্ত্রাংশ বদলানো এবং প্রসেসরের উন্নয়ন ঘটানো

অস্ট্রেলিয়ান হেয়ারিং কমন্সওয়েলথ মানব সেবাব্যবস্থা বিভাগের অংশ।

আপনাকে একজন অভিজ্ঞ শিশু স্বাস্থ্য বিষয়ক অডিওলজিস্ট দেখবেন যিনি আপনার শিশুর শ্রবণ নিয়ে বিস্তারিত আলোচনা করবেন এবং প্রাথমিক পন্থার হস্তক্ষেপ সেবাব্যবস্থা সম্পর্কে আরো তথ্য দিবেন। অস্ট্রেলিয়ান হেয়ারিং আসন্ন বছরগুলোতে আপনার শিশুর শ্রবণশক্তির মূল্যায়ন চালিয়ে যাবে। আপনাকে চয়েসেস্ (CHOICES) নামে একটি হ্যান্ডবুক দেয়া হবে যা অস্ট্রেলিয়ান হেয়ারিং-এ আপনার অডিওলজিস্ট আপনাকে দিবেন।

আপনার শিশুর জন্য পরবর্তী পদক্ষেপ



অনুসন্ধান

অনেক শিশুদেরকে তাদের নিজস্ব শিশু স্বাস্থ্য বিষয়ক চিকিৎসক অথবা জেনারেল প্রাক্টিশনার দেখবেন।

এই সকল চিকিৎসকগণ, যারা শিশু স্বাস্থ্য বিষয়ে অভিজ্ঞ, তারা বাকশক্তি সহ শিশুর সাধারণ স্বাস্থ্য এবং বৃদ্ধির অগ্রগতি সম্বন্ধে নিয়মিত চেক করতে পারেন। শ্রবণশক্তি লোপ পাবার কারণ সম্পর্কে তারা আপনার সাথে আলোচনা করতে পারে এবং তারা কারন বের করতে অনুসন্ধানেরও আয়োজন করতে পারেন। অথবা এই ব্যাপারে আপনাকে বিশেষজ্ঞ ক্লিনিকে পাঠাতে পারেন। কিছু পরীক্ষা (যেমন সংক্রমণের জন্য) জীবনের প্রথম মাসে করা সত্যিই উপকারী, অন্যান্য পরীক্ষা (যেমন বংশগত কারণ) পরেও করা যেতে পারে।

হেয়ারিং সাপোর্ট সার্ভিস (সিডনী শিশু হাসপাতাল, রেন্ডউইক), জন হান্টার হাসপাতালের অডিওলজি বিভাগ এবং বধির কেন্দ্র (ওয়েস্টমিড শিশু হাসপাতাল) লক্ষ্য হলো শিশুর পরিবারদের সহজেই বিশেষজ্ঞদের সেবা পৌঁছে দেয়া যা আপনার শিশুর শ্রবণশক্তি লোপ পাবার সম্ভাব্য কারণ বের করার উদ্দেশ্যে প্রয়োজন হতে পারে।

আরো তথ্যের জন্য দয়া করে যোগাযোগ করুন:

- Hearing Support Service (Sydney Children's Hospital, Randwick) on (02) 9382 1297,
- Deafness Centre (The Children's Hospital at Westmead), on (02) 9845 2139 or
- John Hunter Hospital, Audiology Department (02) 4921 3548.

কান, নাক এবং গলা বিষয়ে পরামর্শ

যে কোন শিশু যার উল্লেখযোগ্য মাত্রায় শ্রবণহীনতা আছে, তার কান, নাক এবং গলা বিশেষজ্ঞের সাথে সাক্ষাত করা উচিত।

কান, নাক এবং গলা বিশেষজ্ঞ আপনাকে অস্ট্রেলিয়ান হেয়ারিং-এর জন্য একটি ছাড়পত্র চিঠি দিতে পারে যেখানে বলা থাকবে হেয়ারিং এইড লাগাতে চিকিৎসা সংক্রান্ত কোন উদ্বিগ্নতা নেই।

সামাজিক কাজ

একজন সমাজ কর্মী আপনার আবেগের প্রতি লক্ষ্য রেখে প্রায়োগিক পর্যায়ে আপনাকে পরামর্শ, উপদেশ এবং সমর্থন জোগাবে।

আপনি এবং আপনার পরিবার এই মুহূর্তে যে পর্যায়ে আবেগ ও অনুভূতির মধ্য দিয়ে যাচ্ছেন, একজন সমাজ কর্মী আপনাদেরকে এই ব্যাপারে সাহায্য ও সহযোগিতা করবে এবং কোথাায় আপনার শিশুর জন্য সাহায্য এবং হস্তক্ষেপ সেবা ব্যবস্থা পাওয়া যেতে পারে সেই ব্যাপারেও উনি সাহায্য করবেন।



শ্রবণহীনতা এবং আপনার শিশু: পরিবর্তী পদক্ষেপ

অডিওলজিস্টের কাছে প্রশ্ন

আমার শিশুর কতটুকু শ্রবণশক্তি আছে?

এই পরিভাষাগুলোর অর্থ কি:

সেনসরিভিউরাল, কনডাকটিভ, মিক্সড,
মাইন্ড, মডারেট, সিভিয়ার, প্রোফাউন্ড,
অডিটরি, নিউরোপ্যাথি ?

এই শ্রবণশক্তি হারানো কি স্থায়ী?

আপনার কি আরো পরীক্ষার প্রয়োজন
আছে?

কখন আমার শিশুর শ্রবণশক্তি পুনঃপরীক্ষা
করা উচিত?

আপনি কি বলতে পারেন এই শ্রবণহীনতা
আরো খারাপের দিকে যাবে অথবা
পরিবর্তন হবে?

উভয় কানই কি সমানভাবে শ্রবণশক্তি
হারিয়েছে?

শ্রবণহীনতা কিভাবে আমার শিশুর
বাকশক্তি এবং ভাষা উন্নয়নে প্রভাব
ফেলবে?

আমার শিশুর কি একটি হেয়ারিং এইডের
প্রয়োজন? আমার শিশুর উভয় কানের
জন্যই কি হেয়ারিং এইডের প্রয়োজন?

আমার শিশুর কি একটি হেয়ারিং এইড
সারাজীবনই দরকার হবে?

হেয়ারিং এইডের দাম কতো?

হেয়ারিং এইডের সাহায্যে আমার শিশু কি
শুনবে?

আমার শিশুর কি হেয়ারিং এইড সব সময়ে
পরে থাকতে হবে?

কখন হেয়ারিং এইডটি পরিবর্তন করতে
হবে?

হেয়ারিং এইডের কি নতুন যন্ত্রাংশের
প্রয়োজন হবে?

আমার শিশু যদি হেয়ারিং এইড না পরে
তাহলে আমার কি করা উচিত?

আমার শিশুর জন্য ককলিয়ায় ইমপ্যান্ট
কি একটি উপায়?

আমার শিশুর শ্রবণের জন্য আমি আর
কোথায় সাহায্য পেতে পারি?

আর কোন উপায়ে আমি আমার শিশুকে
সাহায্য করতে পারি?

হেয়ারিং এইডটি দেখতে কেমন?

“অডিওলজিস্টের নিকট প্রশ্ন”, স্বাস্থ্য এবং
মানব সেবা বিভাগ, রোগ নিয়ন্ত্রণ কেন্দ্র,
USA pamphlet থেকে নেয়া হয়েছে

আপনার শিশুর স্বাস্থ্য সেবা দল



অনেক পেশাজীবী আছেন যারা আপনার শিশুর স্বাস্থ্য সেবা দলের অংশ হতে পারেন।

ব্যক্তিগত স্বাস্থ্য রেকর্ড পৃষ্ঠাগুলোতে আপনার শিশুর বিশেষজ্ঞদের যোগাযোগের তথ্য রাখার জন্য একটি অনুচ্ছেদ আছে।

অডিওলজিস্টস্

অডিওলজিস্টগণ হলেন স্বাস্থ্য পেশাজীবী যারা সকল বয়সী প্রতিটি ব্যক্তির শ্রবণ,সামঞ্জস্য এবং এই সম্পর্কিত রোগ চিহ্নিত, মূল্যায়ন এবং ব্যবস্থাপনা করে থাকেন। তারা রোগী এবং তাদের পরিবার উভয়কেই উপদেশ দিয়ে থাকেন। তারা শ্রবণ সম্পর্কিত রোগ ব্যবস্থাপনা ও কার্যক্রম দেখাশুনা করেন এবং সেবাব্যবস্থা দিয়ে থাকেন। অডিওলজিস্টগণ প্রায়ই বড় বিশেষজ্ঞ দলের অংশ হয়ে থাকেন যারা শ্রবণ এবং এই সম্পর্কিত রোগ নিয়ে কাজ করেন।

ই এন টি বিশেষজ্ঞ

(অটোল্যারিংগোলজিস্টস্)

কান, নাক এবং গলা (ই এন টি) বিশেষজ্ঞগণ হলেন ডাক্তার যারা বিশেষভাবে কান, নাক এবং গলার রোগের উপর প্রশিক্ষণ নিয়েছেন। তারা প্রয়োজন অনুযায়ী শল্য অপারেশন করে থাকেন এবং তারা উপদেশ ও চলমান মধ্যঃকর্ণ রোগের চিকিৎসা করতে পারেন। কিছু ই এন টি বিশেষজ্ঞ শিশুদের ককলিয়া প্রতিস্থাপনও করেন যদি তারা মনে করেন যে শিশুরা এই যন্ত্র থেকে উপকৃত হবে।

চক্ষু বিশেষজ্ঞ (ওপথ্যালমলজিস্টস্)

ওপথ্যালমলজিস্টস হলেন চক্ষু রোগের উপর বিশেষজ্ঞ ডাক্তার। সকল শিশু যাদের শ্রবণ হ্রাস পেয়েছে তাদের একজন ওপথ্যালমলজিস্টস দ্বারা চোখ পরীক্ষা করার জন্য উপদেশ দেয়া যাচ্ছে। কখনো কখনো, বধিরত্ব চোখের সমস্যার সাথে সম্পর্কযুক্ত থাকে।

জিনেটিসিস্ট

জিনেটিসিস্টগণ ডাক্তার যারা প্রকৃতি এবং উত্তরাধিকার সূত্রে পাওয়া কিছু স্বাস্থ্যগত অবস্থার উপর উপদেশ দিতে বিশেষভাবে প্রশিক্ষণপ্রাপ্ত। এই ধরনের স্বাস্থ্যগত অবস্থা হঠাৎ দেখা দিতে পারে অথবা পরিবারের মধ্যে বারবার আসতে পারে। অনেক ধরনের বধিরত্বের বংশগত ইতিহাস আছে।

পেডিয়াট্রিশিয়ান

পেডিয়াট্রিশিয়ানগণ ডাক্তার যারা শিশু বয়সের সমস্যা ব্যবস্থাপনার উপর বিশেষভাবে প্রশিক্ষণপ্রাপ্ত। অনেক শিশুকে জন্মের সময় পেডিয়াট্রিশিয়ানগণ পরীক্ষা করে থাকেন। পেডিয়াট্রিশিয়ানগণ শিশুর অন্যান্য সমস্যা যেগুলো দেখা দিতে পারে তা দেখবেন এবং শিশুর সকল দিকের উন্নয়নের অগ্রগতি পর্যবেক্ষণে সাহায্য করবেন।

সমাজ কর্মী

নবজাতক শিশুর শ্রবণশক্তি লোপ নিশ্চয়ের পর এস ডবি উ আই এস এইচ সমাজ কর্মীগণ শিশুর পরিবারের আবেগ এবং সামাজিক কল্যাণ নিয়ে উদ্বিগ্ন হয়ে পড়েন। সমাজ কর্মীরা শিশুর পরিবারের সাথে একত্রে কাজ করে পরিবারের জন্য কি প্রয়োজন তা চিহ্নিত করেন। এছাড়াও তারা শিশুর পরিবারকে পরামর্শ, শিক্ষা এবং তথ্য প্রদান করে থাকেন। কোথাায় আরও সেবার সুযোগ পাওয়া যাবে সেই ব্যাপারেও তারা শিশুর পরিবারকে সাহায্য করেন।

বাকশক্তি বিশেষজ্ঞ বা প্যাথলজিস্ট

বাকশক্তি প্যাথলজিস্টগণ শিশু এবং বয়স্ক শিশুদের মধ্যে ঘটা সকল ধরনের কথাবার্তা বা যোগাযোগের মাত্রা মূল্যায়নের উপর প্রশিক্ষণপ্রাপ্ত। শিশুর বাকশক্তি সাধারণভাবে অগ্রসর হচ্ছে কিনা তার উপর তারা উপদেশ দিতে পারেন। পিতামাতাগণ তাদের শিশুদের বাকশক্তি ও ভাষা দক্ষতা কিভাবে উন্নত করবে সেই কর্মপরিকল্পনাও বাকশক্তি প্যাথলজিস্টগণ ব্যবস্থাপনা করে থাকেন।

বধির অথবা শ্রবণহীনতার শিক্ষকগণ


একজন বধিরের শিক্ষক হলেন এমন একজন যিনি সাধারণ শিক্ষকতার প্রশিক্ষণ নিয়েছেন এবং তারপর শ্রবণশক্তি লোপপ্রাপ্ত শিশুদের সাহায্য প্রদানে অতিরিক্ত প্রশিক্ষণ নিয়েছেন। সকল রকমের প্রাথমিক হস্তক্ষেপ প্রকল্পগুলিতে এই ধরনের শিক্ষক রয়েছেন যারা সদ্য চিহ্নিত শ্রবণহীনতার শিশু এবং তাদের পরিবারকে সাহায্য করে।



শ্রবণহীনতা এবং আপনার শিশু: পরবর্তী পদক্ষেপ

শ্রবণ এবং শ্রবণহীনতা

কিভাবে কান কাজ করে



কানের তিনটি অংশ আছে:

বহিঃকর্ণ

মধ্যঃকর্ণ

অন্তঃকর্ণ

কানের গঠন এবং কাজ

শ্রবণ ক্ষমতা মানুষের দেহে একটি জটিল তন্ত্র।

কান শব্দ তরঙ্গকে একটি ধারাবাহিক পুনরাবৃত্তির মাধ্যমে বিদ্যুৎ বেগে পরিবর্তন করে।

মস্তিষ্ক তখন এই বেগলোকে নিদিষ্ট শব্দ হিসাবে চিহ্নিত করে।

বহিঃকর্ণ

বহিঃকর্ণ পিনা (যে অংশ আমরা দেখতে পাই) এবং কর্ণ কুহর নিয়ে গঠিত। শব্দ কর্ণ কুহর দিয়ে ভ্রমণ করে এবং এয়ার ড্রাম কাঁপায়।

মধ্যঃকর্ণ

মধ্যঃকর্ণ এয়ার ড্রাম, তিনটি ছোট অস্থি যা অসিকল নামে পরিচিত এবং ইউস্টেশিয়ান টিউব নিয়ে গঠিত। ইউস্টেশিয়ান-এর কাজ হচ্ছে মধ্যঃকর্ণের ভিতরের বায়ুর চাপ এবং এয়ার ড্রামের বাইরের বায়ুর চাপ সমান রাখা।

যখন শব্দ কর্ণ কুহর দিয়ে ভ্রমণ করে, এটা এয়ার ড্রামকে কাঁপায় এবং এই কাঁপা থেকে ছোট অস্থিও (অসিকল) নড়াচড়া করে। সর্বশেষ ছোট অস্থি, যা স্টেপাস নামে পরিচিত তখন মেমব্রেনেইনে ধাক্কা দেয় যা ককলিয়া গঠন করে। ককলিয়া অন্তঃকর্ণ পাওয়া যায়।

অন্তঃকর্ণ

যেখানে শ্রবণ ক্ষমতা নিয়ে উদ্ভিগ্ন, অন্তঃকর্ণের সবচেয়ে গুরুত্বপূর্ণ অংশ হচ্ছে ককলিয়া এবং ককলিয়া স্নায়ু। ককলিয়া একটি জটিল গঠন যা ছোট হেয়ার সেলস্ এবং তরল পদার্থ নিয়ে গঠিত। যখন শব্দ হয়, হেয়ার সেলস্ প্রতিক্রিয়া করে এবং ককলিয়ার স্নায়ুর মাধ্যমে স্নায়ু বেগলোকে মস্তিষ্কে প্রেরণ করে। মস্তিষ্ক একবার বার্তা পাওয়ার পর, আমরা জানতে পারি আমরা কিছু শুনছি।

শ্রবণহীনতার ধরণ



শ্রবণহীনতার ধরণ নির্ভর করে আপনার শিশুর কানের কোন অংশ আক্রান্ত হয়েছে। তিনটি ধরণ আছে: পরিবাহিত হ্রাস, সেনসরিনিউরাল হ্রাস এবং মিশ্র হ্রাস।

পরিবাহিত হ্রাস

যখন বহিঃকর্ণ অথবা মধ্যকর্ণে কোন সমস্যা হয়, তখন পরিবাহিত শ্রবণ ক্ষমতা হ্রাস পায় এবং শব্দ অন্তঃকর্ণে উচ্চস্বরে পৌঁছাতে পারে না।

পরিবাহিত শ্রবণ ক্ষমতার হ্রাস প্রায়ই একজন কান, নাক এবং গলা বিশেষজ্ঞ দ্বারা চিকিৎসা করা হয়। কিছু পরিবাহিত শ্রবণ ক্ষমতা হ্রাসের উদাহরণ:

- কানের খেল দ্বারা কর্ণ কুহর বন্ধ থাকা
- মধ্যকর্ণ প্রদাহ
- ছিদ্র এয়ার ড্রাম

কখনও পরিবাহিত শ্রবণ ক্ষমতা হ্রাস স্থায়ী হতে পারে। এই ধরণের কিছু উদাহরণ:

- মধ্যকর্ণের অস্থি অনুপস্থিত অথবা ত্রুটিপূর্ণভাবে গঠিত
- কর্ণ কুহরের অনুপস্থিতি

সেনসরিনিউরাল লস

সেনসরিনিউরাল লস-এ ক্ষতি করে অথবা অন্তঃকর্ণে (ককলিয়ার অথবা শ্রবণ স্নায়ু) সঠিকভাবে কাজ করে না। এই ধরণের শ্রবণহীনতা স্থায়ী। এটা জন্মের সময় হতে পারে অথবা পরে হতে পারে (উদাহরণস্বরূপ মারাত্মক সংক্রমণ হতে যেমন মেনিনজাইটিস)।

কনজেনিটাল (জন্ম থেকে) শ্রবণহীনতা কিছু কারণ থেকে হতে পারে:

- বংশানুক্রমিক ত্রুটি
- নির্দিষ্ট ভাইরাস, যেমন সাইটোমেগালো ভাইরাস(সি এম ভি) অথবা রুবেলার সংস্পর্শে ক্ষতি
- অশাল প্রসব (prematurity)-এর জন্য জটিলতা

পরিবাহিত এবং সেনসরিনিউরাল শ্রবণহীনতা উভয়ই একসাথে থাকা সম্ভব। এটাকে মিশ্র শ্রবণহীনতা বলে।

শ্রবণহীনতা বুঝতে পারা

“আমি হতাশ হয়ে যাই যে মানুষ বধিরত্ব সম্পর্কে বেশী কিছু জানে না – তারা বুঝতে পারে না যে বধিরত্বের মাত্রা আছে, কিন্তু এটি সত্যিই শিক্ষার ব্যাপার এবং আমার শিশু তাদের জন্য সবচেয়ে ভালো দৃষ্টান্ত। লোকজন আশ্চর্য হয় যে তারা ‘বধির’।”



শ্রবণহীনতা এবং আপনার শিশু: পরবর্তী পদক্ষেপ

শ্রবণহীনতার ধরণ

মধ্যঃকর্ণে রোগ সংক্রমণ

মধ্যঃকর্ণের প্রদাহ সাধারণত রোগ সংক্রমণের দ্বারা হয়ে থাকে। এটি ওটাইটিস মিডিয়া (মধ্যঃকর্ণ প্রদাহ) নামে পরিচিত।

এটি কি কারণে হয়ে থাকে?

ওটাইটিস মিডিয়ার কারণ ভাইরাস অথবা ব্যাকটেরিয়া যা এয়ার ড্রামের পিছনে তরল পদার্থ তৈরী করে।

ঠান্ডা, এলার্জি অথবা শ্বাস-প্রশ্বাস রোগের সংক্রমণ থেকে এই অবস্থার সূত্রপাত হতে পারে। মধ্যঃকর্ণে তরল পদার্থ জমার কারণে কান ব্যাথা, কান ফুলে যাওয়া অথবা কান লাল হয়ে যেতে পারে - যাকে বলা হয় একিউট ওটাইটিস মিডিয়া। এই অবস্থায় ইয়ার ড্রাম সঠিকভাবে কম্পন হতে বাধাপ্রাপ্ত হয় যাতে করে অস্থায়ী শ্রবণশক্তির হ্রাস পেতে পারে।

শিশুদের মধ্যে যে সকল লক্ষণ দেখা যেতে পারে:

- কান চুলকানো অথবা কান ধরে রাখা
- কাঁদা
- শ্রবণহীনতা
- জ্বর
- নিদ্রাহীনতা
- বিরক্ত হওয়া
- কান থেকে কিছু নির্গত হওয়া

কিভাবে মধ্যঃকর্ণের রোগ সংক্রমণের চিকিৎসা করা হয়?

মধ্যঃকর্ণের সামান্য রোগ সংক্রমণ প্রায়ই অল্প সময়ের মধ্যে নিজে নিজেই ঠিক হয়ে যায়। পুনঃ ঘটনশীল অথবা দীর্ঘস্থায়ী ক্ষেত্রে বারে বারে মেডিকেল মনোযোগ প্রয়োজন, এবং এর জন্য কান, নাক এবং গলা (ই এন টি) বিশেষজ্ঞের কাছে পাঠানোর প্রয়োজন হতে পারে।

তীব্র কর্ণ প্রদাহের চিকিৎসা প্রধানত অ্যান্টিবায়োটিকের মাধ্যমে হয়। মাঝে মাঝে জন্মানো তরল পদার্থ অনেক সময় ধরে রাখার ফলে কানের মধ্যে আঠা তৈরী হতে পারে। এই ধরনের ক্ষেত্রে ভেন্টিলেশন টিউবস্ (গ্রমেট) প্রবেশ করানোর প্রয়োজন হতে পারে।

গ্রমেট কি?

গ্রমেট একটি ছোট অস্থি যা এয়ার ড্রামে প্রবেশ করানো হয়। এটি মধ্যঃকর্ণের জায়গায় বাতাস প্রবেশ করায়, যাতে তরল পদার্থ জমা হতে না পারে। এর ফলে সাধারণভাবে শ্রবণশক্তির উন্নতি ঘটে। গ্রমেট এয়ার ড্রামে ৭-১২ মাস পর্যন্ত থাকে এবং নিজ থেকে বেরিয়ে আসে।

শ্রবণহীনতার ধরণ



স্থায়ীভাবে একদিকে শ্রবণহীনতা

ইউনিলায়ট্রাল্ শ্রবণহীনতা কি?

ইউনিলায়ট্রাল্ শ্রবণহীনতা শুধুমাত্র একদিকের কানে প্রভাব ফেলে। প্রভাবিত পাশে এটির সামান্য থেকে সম্পূর্ণ শ্রবণহীনতা হতে পারে।

একদিকে শ্রবণহীনতার কারণ

কিছু শিশু একদিকে শ্রবণহীনতা (জন্মগত) নিয়ে জন্মায়। কিছু কিছু ক্ষেত্রে শ্রবণহীনতা পরে জীবনের কোন এক সময় ঘটে (অর্জিত)।

কিছু জন্মগত ক্ষেত্রে বংশগত কারণ অন্তর্ভুক্ত হতে পারে অথবা গর্ভাবস্থার সময় সমস্যা হয়।

কিছু অর্জিত ক্ষেত্রে শ্রবণহীনতা অসুখের পর হতে পারে, যেমন মাস্পস্ অথবা মেনিনজাইটিস।

বেশীর ভাগ ক্ষেত্রে, সঠিক কারণ অজানাই রয়ে গেছে। এটি গুরুত্বপূর্ণ যে, যে সকল শিশুদের একদিকে শ্রবণহীনতা আছে, তাদের চিকিৎসা করা প্রয়োজন কারণ প্রায়শই দেখা যায় এটি অন্যান্য মেডিকেল অবস্থার সাথে সম্পর্কযুক্ত।

এর প্রভাবগুলো কি কি?

যে সকল শিশুদের একদিকে শ্রবণহীনতা আছে তাদের যে ধরনের সমস্যা হতে পারে তা হল:

- কোলাহলপূর্ণ পরিবেশে শ্রবণ ক্ষমতা
- শব্দের উৎস নির্ণয় করা
- শব্দ যখন ক্ষতিগ্রস্ত কানের পাশে থেকে আসে তখন শ্রবণ করা
- কিছু শিশুর বাকশক্তি উন্নয়নে কিছু সমস্যা হতে পারে

এখানে উল্লেখযোগ্য যে, অনেক শিশুর বাকশক্তি এবং শিক্ষা অর্জনে একেবারেই কোন সমস্যা হয় না।

একদিকে শ্রবণহীনতা:

রোগ নির্ণয় প্রক্রিয়া সম্পর্কে –

“ অডিওলজিস্ট খেলার ছলে মনে করবে যে সে একদিকে শুনতে পায়, কিন্তু আমরা সত্যিই শুনছি যে ‘সে একদিকে বধির’। আমরা ভবিষ্যৎ সম্পর্কে বিধ্বস্ত এবং আতঙ্কিত। বধিরত্ব নিয়ে এটাই ছিল আমাদের প্রথম অভিজ্ঞতা এবং কি আশা করবো তা আমরা জানতাম না। ”



শ্রবণহীনতার ধরণ

অডিওলজিক্যাল ব্যবস্থাপনা

- ধরে নিচ্ছি ভালো কানের শ্রবণ ক্ষমতা স্বাভাবিক। এমন কোন শব্দ প্রমাণ নেই যা দিয়ে বলা যায় যে হেয়ারিং এইড একক শ্রবণহীনতা ব্যবস্থাপনায় সব থেকে যোগ্য উপায়।
- শ্রবণহীনতা সামান্য বা মাঝারি পর্যায়ের হলে সেক্ষেত্রে হেয়ারিং এইডের ব্যবহার অনেকটা ফলপ্রসূ। এই ব্যাপারে আপনার অডিওলজিস্টের সাথে আলোচনা করে এবং সময় নিয়ে এই সিদ্ধান্ত নিতে পারেন।
- এখন নেয়া সিদ্ধান্ত পরবর্তীতে যে কোন সময় পরিবর্তন করা যাবে।
- আপনার শিশু যখন বড় হবে, তখন কিছু সহায়ক যন্ত্র সাহায্যে আসতে পারে – উদাহরণস্বরূপ, উচ্চমাত্রার শব্দ পদ্ধতি।

পর্যবেক্ষণ কেন গুরুত্বপূর্ণ?

- অল্প সংখ্যক একক দিকের শ্রবণহীনতা পরবর্তীতে উভয়দিকের শ্রবণহীনতায় পরিণত হতে পারে। যার ফলে, নিয়মিত শ্রবণশক্তির মানদণ্ড পর্যবেক্ষণ করার জন্য জোরালোভাবে পরামর্শ দেয়া হচ্ছে।
- যদি আপনার শিশুর কানের রোগ সংক্রমন হয়, তাহলে তাড়াতাড়ি চিকিৎসা উপদেশ নিন। ভালো কানে রোগ সংক্রমন শ্রবণে বড় ধরনের প্রভাব ফেলতে পারে।

- পিতামাতা হলেন সবচেয়ে উপযুক্ত লোক যারা বিভিন্ন লক্ষণের মাধ্যমে বুঝতে পারেন যে তাদের সন্তানরা তিকমত গুনতে পায় না। শিশুর সাড়া প্রদানে পরিবর্তন ঘটেছে বলে যদি মনে করেন, তাহলে তাড়াতাড়ি আপনার শিশুর শ্রবণ শক্তি পরীক্ষা করান।
- ভাষা শিক্ষার স্বাভাবিক মাইল ফলকণ্ড লো সম্পর্কে অবগত থাকুন – ভাষা শিক্ষার ব্যাপারে আপনার শিশুর অর্জিত বিষয়গুলোর রেকর্ড রাখুন এবং এগুলিকে স্বাভাবিক মাইল ফলকণ্ড লোর সাথে তুলনা করুন। যদি আপনার সন্তান উন্নতি না করে থাকে, তাহলে উপযুক্ত পেশাজীবীদের কাছ থেকে উপদেশ গ্রহণ করুন।

কৌশল সম্পর্কে ধারণা –

“ শ্রবণশক্তি সমস্যাগ্রস্থ শিশুদের জন্য প্রতিষ্ঠিত পে গ্রুপে আমার ছেলে এখন গমণ করে এবং পিতামাতাদের জন্য তথা সন্তান আমরা উপস্থিত থাকি। অডিওলজিস্ট এবং শিক্ষকদের সাথে আমরা যত বেশী আলোচনা করি, তত বেশী কৌশল আমরা আয়ত্ত্ব করতে পারি যা ছেলে বড় হওয়ার সাথে সাথে আমরা তার উপর প্রয়োগ করতে পারব। ”

লোকজনকে ব্যাখ্যা করা সম্পর্কে –

“ মাঝে মাঝে এটা হতাশ করে যখন অন্যান্য পিতামাতা প্রশ্ন করে কেন হেয়ারিং এইড নেই এবং তার ইউনিল্যাট্রাল শ্রবণহীনতাকে ‘বড় কোন সমস্যা না’ হিসাবে মনে করে। কিছু পেশাদার ব্যক্তি একই রকম আচরণ করে! মাঝে মাঝে আমার স্ত্রী আমাদের ছেলেকে রক্ষা করার প্রয়োজন অনুভব করে যখন লোকজন বলে সে বধির না। ”

শ্রবণহীনতার ধরণ



অডিটরি নিউরোপ্যাথি/ডিসিনক্রোনাই (এ এন/এ ডি)

অডিটরি নিউরোপ্যাথি/ডিসিনক্রোনাই কি?

অডিটরি নিউরোপ্যাথি/ডিসিনক্রোনাই (এ এন/এ ডি) ঘটে যখন শব্দ

স্বাভাবিকভাবে কানে প্রবেশ করে, কিন্তু অস্ত্রঃকর্ণ হতে মস্তিষ্ক পর্যন্ত শব্দের পরিবহন স্বাভাবিকভাবে হয় না।

দেখা গেছে যে এটা প্রতি ১০ জনের মধ্যে ১ জন শিশু যাদের প্রচন্ড থেকে অতীব শ্রবণহীনতা আছে, তাদের হয়।

এ এন/এ ডি এক ধরণের পরীক্ষার নাম যা কোন রোগ নির্ণয় বা অবস্থা নয়।

সম্ভাব্য কি কি কারণে এই ধরণের ফলাফল পাওয়া যাবে?

এটি এখনও সম্পূর্ণভাবে বুঝা যায়নি কিন্তু নিম্নলিখিত কিছু কারণ অথবা এমনকি যৌথ কারণ জড়িত থাকতে পারে:

- ককলিয়ার ভিতরে অস্ত্রঃ শ্রবণ সেলে ক্ষতি
- শ্রবণ স্নায়ুরই ক্ষতি
- কিছু কিছু ক্ষেত্রে, অডিটরি সিস্টেম এখনও পরিপক্ব না হওয়া

ঝুঁকির কারণসমূহ

যাদের ঝুঁকির কারণ থাকে যেমন অকাল প্রসব, শ্বাসকষ্ট, অথবা হাইপারবিলিরিউবিন্যামিয়া, সে সকল রোগীর ক্ষেত্রে এই ধরণের পরীক্ষার ফলাফল দেয়া যায়। পারিবারিক ইতিহাসও মূল কারণ হতে পারে।

এ এন/এ ডি-এর প্রভাবগুলো কি কি?

- বিভিন্ন ধাপের শ্রবণহীনতা
- শ্রবণহীনতার মাত্রা উঠা-নামা
- বাকশক্তি পরিষ্কারভাবে বুঝতে সমস্যা হতে পারে

এ এন/এ ডি কিভাবে নিয়ন্ত্রণ করা যায়?

যে কোন শিশুর শ্রবণহীনতার ঘটনার ক্ষেত্রে এ এন/এ ডি-এর ব্যবস্থাপনার/নিয়ন্ত্রণের সিদ্ধান্ত পিতামাতা তাদের শিশুর স্বাস্থ্য সেবা দলের সাহায্যে নিয়ে থাকে। যে সকল শিশুর এ এন/এ ডি আছে তারা স্বতন্ত্র পরিকল্পনা থেকে উপকৃত হয়ে থাকে।

কিছু সময়ের জন্য এক ধরনের পছন্দের ব্যবস্থাপনা সঠিক হতে পারে যেখানে বেশির ভাগ ক্ষেত্রে প্রয়োজন অনুযায়ী পছন্দ পরবর্তিতে পরিবর্তন করা যায়। আপনার শিশুর ক্ষেত্রে নিম্নলিখিত পছন্দসমূহ বিবেচনা করা যেতে পারে:

- হেয়ারিং এইড
- ককলিয়ার ইমপ্ল্যান্টেশন
- প্রাথমিক পর্যায়ের হস্তক্ষেপ কার্যক্রম (অনুচ্ছেদ ৬-এ দেখুন)

গুরুত্বপূর্ণ নোট

অনুপস্থিত অথবা অস্বাভাবিক অডিটরি ব্রেইনস্টেম রেসপন্স (এ বি আর)-এর ফলাফল মানেই অতীব শ্রবণহীনতা বুঝায় না। তবে এই ধরণের প্রাথমিক হস্তক্ষেপ পরিচর্যা সব সময় সোজাসুজি/সহজ হয় না।

অনেক শিশু যাদের এ এন/এ ডি আছে তারা কার্যকরভাবে তাদের শ্রবণ ক্ষমতা ব্যবহার করতে পারে।

আমরা এই পর্যায়ে শিশুর উপর এ এন/এ ডি-এর প্রভাব অনুমান করতে পারি না, কিন্তু বেশ কিছু পরীক্ষার ফলাফল এবং পিতামাতা ও পেশাজীবীদের পর্যবেক্ষন থেকে আপনার শিশুর জন্য সবচেয়ে ভালো পথ তিক করতে পারি।



শ্রবণহীনতা এবং আপনার শিশু: পরবর্তী পদক্ষেপ

শ্রবণহীনতার ধরণ

শ্রবণহ্রাসের প্রচন্ডতা

ভালো শ্রবণ ক্ষমতা বাকশক্তি এবং কথিত ভাষা উন্নয়নের জন্য প্রয়োজন। শুরুরেই শিশুর শ্রবণহীনতা চিহ্নিতকরণ এবং যথাযথ পরিচর্যা এবং/অথবা চিকিৎসা সম্ভাব্য বাকশক্তি ও ভাষার সমস্যা হ্রাস করে।

আপনার শিশুর যদি শ্রবণজনিত সমস্যা থাকে, আমাদের জানা দরকার তার পরিমাণ কতটুকু (হ্রাসের মাত্রা), এবং এটি কি ধরনের হ্রাস।

শ্রবণহীনতা বিভিন্ন মাত্রার হয়ে থাকে, মধ্যম থেকে অতীব। শ্রবণহীনতার মাত্রার সম্ভাব্য পরিণতি শিশুর উন্নয়নের সাথে সম্পর্কযুক্ত।

শ্রবণহীনতার নিম্নলিখিত শ্রেণিবিভাগ শিশুর শ্রবণ ক্রিয়ার উপর প্রভাব বর্ণনা করে।

সামান্য শ্রবণহীনতা (২১-৪৫ ডেসিবেল) আপনার শিশুর যদি সামান্য শ্রবণহীনতা থাকে তাহলে তাদের খেলার মাঠে অথবা পারিবারিক অনুষ্ঠানে শুনতে সমস্যা হবে, যদিও তারা প্রায়ই নিরিবিলা অবস্থায় ভালো মানিয়ে নিতে পারে।

মধ্যম পর্যায়ের শ্রবণহীনতা (৪৬-৬৫ ডেসিবেল) আপনার শিশুর যদি মধ্যম পর্যায়ের শ্রবণহীনতা থাকে তাহলে আপনি যা বলেন তা বুঝতে তাদের খুবই কষ্ট হবে, বিশেষভাবে যখন পিছনে কোন শব্দ থাকে। এই মাত্রার শ্রবণহীনতার ক্ষেত্রে শুরুতে শিশুকে হেয়ারিং এইড দেয়া হয়ে থাকে, অন্যথায় তাদের বাকশক্তি এবং ভাষা উন্নয়ন প্রভাবিত হবে।

উচ্চ মাত্রায় শ্রবণহীনতা (৬৬-৯০ ডেসিবেল) আপনার শিশুর যদি প্রচন্ড শ্রবণহীনতা হয়ে থাকে, তবে তারা সাধারণ কথাবার্তা শুনতে পারবে না এবং তারা নিজ থেকে স্বাভাবিকভাবে কথা বলতে শিখবে না। তাদের বাকশক্তি এবং ভাষা উন্নয়নে যত স্বাভাবিকভাবে সম্ভব হেয়ারিং এইড এবং অন্যান্য সহযোগিতার প্রয়োজন হবে।

অতীব শ্রবণহীনতা (৯১ ডেসিবেল+) আপনার শিশুর যদি অতীব শ্রবণহীনতা থাকে, তবে তারা মানুষের কথা শুনতে পারবে না এবং পরিবেশের বেশির ভাগ শব্দ শুনতে পারবে না। যে সকল শিশুর এই মাত্রায় শ্রবণশক্তি হ্রাস রয়েছে তাদের ককলিয়ার ইমপ্যান্ট বেছে নেয়ার অধিকার দেয়া হতে পারে। এই ধরনের শিশুদের যত স্বাভাবিকভাবে সম্ভব বাকশক্তি এবং ভাষা উন্নয়নে সহযোগিতার প্রয়োজন হবে।







শ্রবণহীনতা এবং আপনার শিশু: পরবর্তী পদক্ষেপ

নিয়মিতভাবে জিজ্ঞাসিত প্রশ্ন

শ্রবণহীনতার রোগ নির্ণয় এত আগেই কেন করা হয়েছে?

নবজাত শিশুর হেয়ারিং স্ক্রীনিং কার্যক্রমে, যেমন এস ডবি উ আই এস এইচ (SWISH), শিশু জন্মের পর যত তাড়াতাড়ি সম্ভব শ্রবণহীনতা চিহ্নিত করতে রাখা হয়েছে।। যে সকল শিশুর শ্রবণহীনতা আছে তাদের পিতামাতা অল্প বয়সে হেয়ারিং স্ক্রীনিং জোরালোভাবে সমর্থন করেছে। শুরুতে যদিও এটি অপ্রত্যাশিত এবং কঠিন, পিতামাতা মনে করেন যে শুরুতেই চিহ্নিতকরণ সন্তানদের জন্য ভালো ফলাফল দেবে।

শুরুতেই রোগ নির্ণয় কি সুবিধা দেবে?

শুরুতেই রোগ নির্ণয় আপনার শিশুকে ভাষার দক্ষতা উন্নয়নের ক্ষেত্রে সবচেয়ে গুরুত্বপূর্ণ সময়ে ভাষা এবং যোগাযোগের সুযোগ দিবে। গবেষণায় দেখা গেছে যে সকল শিশুর শ্রবণহীনতার রোগ নির্ণয় শুরুতেই করা হয়েছে এবং যারা যথাযথ পরিচর্যা পেয়েছে তাদের বাকশক্তি এবং ভাষার দক্ষতা উন্নত হয়েছে। যোগাযোগ এবং ভাষার দক্ষতা, কথিত ভাষা অথবা চিহ্ন ভাষা যেটাই হোক না কেন, শিক্ষার পাশাপাশি সামাজিক এবং ভাবাবেগের উন্নয়নের জন্য গুরুত্বপূর্ণ।

অডিওলজিস্ট কিভাবে নিশ্চিত হোন আমার শিশুর শ্রবণহীনতা আছে, যেখানে শিশুটি খুবই ছোট?


আপনার শিশুর শ্রবণহীনতার রোগ নির্ণয়ের যে পরীক্ষা করা হয় তা খুবই বিপুল এবং বাস্তব। আপনার শিশুর কান, ঘ্রাণ এবং মস্তিষ্ক কোন শব্দ উৎসের বিপরীতে যে সাড়া দেয় তা একটি কম্পিউটারে রেকর্ড করা হয়। অডিওলজিস্ট একজন প্রশিক্ষণপ্রাপ্ত ব্যক্তি যিনি কম্পিউটার রিডিং-এর ব্যাখ্যা করতে পারেন এবং শ্রবণশক্তির সমস্যা নির্ণয় করতে পারেন।

আমার শিশু কি ক্রটি নিয়ে বড় হবে?

শিশুর শ্রবণ ক্ষমতা বড় হওয়ার সাথে সাথে পরিবর্তন হতে পারে, কিন্তু এটি খুবই বিরল যে শিশু বাড়ার সাথে সাথে তাদের শ্রবণ ক্ষমতা উন্নত হয়। হেয়ারিং এইডের মত যন্ত্র অথবা ককলিয়ায় ইমপ্যান্ট আপনার শিশুর শ্রবণে সবচেয়ে বেশী সাহায্য করবে।

“সেই সকল পিতামাতাদের জন্য যারা কেবলই আবিষ্কার করেছেন যে তাদের শিশু একটি ‘এস ডবি উ আই এস এইচ’ শিশু, আমি আপনাদের উপদেশ দিচ্ছি প্রথম দিকে যতটা সম্ভব তথ্য পড়ে নিন। এটি প্রাথমিক অবস্থায় আমাদের জন্য খুবই বিভ্রান্তিকর, কিন্তু ধীরে ধীরে আপনি উদ্ভাবন করতে পারবেন আপনার অবস্থান কোথায়। আমরা তখন আমাদের পিতামাতাদের সহজ বুদ্ধি ব্যবহার করবো (আপনার কখনোই এটা ভুল হবে না)। অনেক ধরনের সাহায্য আছে এবং আমরা দেখেছি যাদের সাথে আমরা কথা বলেছি তারা খুব সাহায্যকারী এবং দয়ালু প্রকৃতির। সুতরাং শক্ত হোন এবং আপনার বিশ্বাসের উপর আস্থা রাখুন।”

নিয়মিতভাবে জিজ্ঞাসিত প্রশ্ন



এটি কি আরো খারাপ হতে পারে? আমি কিভাবে জানবো এটি আরো খারাপ হয়েছে?

কিছু শ্রবণহীনতা পরবর্তী সময়ে খারাপ হয়। আপনার শিশুর শ্রবণহীনতা সাময়িকভাবে খারাপ হতে পারে যখন কানের সংক্রমন রোগ থাকবে। আপনার পেশাজীবী দল নিবিড়ভাবে আপনার শিশুর শ্রবণ ক্ষমতার লক্ষ্য রাখবে। আপনি যদি আপনার শিশু নিয়ে উদ্বেগ হোন, কারণ আপনার শিশু শব্দে সাড়া দিচ্ছে না তাহলে আপনার উচিত আপনার অডিওলজিস্টের সাথে আলোচনা করা।

আমার শিশু কি কোন শব্দ শুনতে পায়?

আপনার শিশু কি ধরনের শব্দ শুনতে পারে তা নির্ভর করছে আপনার শিশুর কি ধরনের এবং কতটুকু শ্রবণহীনতা আছে। বেশীর ভাগ শিশু যাদের শ্রবণহীনতা আছে তারা সামান্য শব্দ শুনতে পায়।

আমার শিশু কিভাবে যোগাযোগ করতে পারবে?

শুরুতেই রোগ নির্ণয় এবং পরিচর্যা আপনার শিশুকে ভালো যোগাযোগ দক্ষতা উন্নয়নে সর্বাধিক সুযোগ দিয়েছে। আমরা সকলেই যোগাযোগের জন্য বিভিন্ন উপায় – বাকশক্তি, লেখন, ইশারা, হাতের নড়াচড়া, এবং দেহের ভাষা ব্যবহার করি। আপনার শিশু তা থেকে আলাদা নয়। সে কথা বলার মাধ্যমে যোগাযোগ করতে পারে, অথবা চিহ্ন ভাষা ব্যবহারের মাধ্যমে, অথবা উভয় একত্রিত করে। আপনার শিশুর যোগাযোগের সর্বাধিক উপায় বের করার জন্য আপনার তড়িৎ সিদ্ধান্ত নেয়ার প্রয়োজন নাই – অনেক পরিবারে, এই সিদ্ধান্ত তাদের শিশুকে জানার পর এবং পরিবারের প্রয়োজন অনুযায়ী নেয়। শিশুর সাথে যোগাযোগ গুরুত্বপূর্ণ, কিভাবে করবেন তা নয়।

আমার শিশু কি কথা বলতে শিখবে?

বেশীর ভাগ শিশু যাদের শ্রবণহীনতা আছে তারা কথা বলতে পারে। কথার মাধ্যমে কতো ভালোভাবে তারা যোগাযোগ করতে পারে তা অনেক কিছুর উপর নির্ভর করে, উদাহরণস্বরূপ, কতটা প্রচন্ড তাদের শ্রবণহীনতা, শ্রবণ সহায়তা থেকে তারা কতটুকু সাহায্য পায় এবং কথা বলার জন্য কতটুকু পরিচর্যা তারা পায়।

আমাদের কি ইশারার ভাষা শিখার প্রয়োজন হবে?

আপনার শিশু হয়তো কথা বলার মাধ্যমে সবচেয়ে ভালো যোগাযোগের শিক্ষা নিতে পারে, অথবা ইশারার ভাষার মাধ্যমে সবচেয়ে ভালো শিক্ষা নিতে পারে (অথবা উভয়ই একত্রিত করেও হতে পারে)। আপনার শিশু যদি ইশারার ভাষা ব্যবহার করে তাহলে আপনার শিশুর সাথে ভালোভাবে যোগাযোগের জন্য আপনার ইশারার ভাষা শিখা প্রয়োজন।

অনেক পরিবার ইশারার ভাষা সুবিধাজনক মনে করে যেখানে শিশুরা হেয়ারিং এইড পড়তে পারে না অথবা ককলিয়াম্ব ইমপ্যান্ট নেই যেমন গোসলের সময় অথবা সমুদ্র সৈকতে। অনেক প্রতিষ্ঠান অসল্যান (অস্ট্রেলিয়ান সাইন্স ল্যাংগুয়েজ)-এর উপর কোর্স নিয়ে থাকে। আপনার এলাকায় কোর্স সম্পর্কে তথ্য নিতে আপনার অডিওলজিস্টকে জিজ্ঞাসা করুন।

“যখন আমাদের শিশুরা বড় হচ্ছে তখন আমরা তাদের শ্রবণ ক্ষমতার সমর্থক – এবং তাদের ভালোভাবে সাহায্য করার জন্য তথ্য সবচেয়ে বড় চাবিকাঠি। আমি শিখছি যে আমার কাছে যত তথ্য থাকবে, আমি তাদের কাছে তত ভালো মা হতে পারবো।”



শ্রবণহীনতা এবং আপনার শিশু: পরবর্তী পদক্ষেপ

নিয়মিতভাবে জিজ্ঞাসিত প্রশ্ন

আমি কি দ্বিতীয় মতামত পেতে পারি?

সব সময়ের মতো আপনার শিশুর শ্রবণ ক্ষমতার ব্যাপারে দ্বিতীয় মত নিতে আপনি উন্মুক্ত। আপনার জিপি অথবা প্রাথমিক শিশু স্বাস্থ্য ক্লিনিক, দ্বিতীয় মতামত কিভাবে নেয়া যায় সে ব্যাপারে আপনাকে উপদেশ দিতে পারে। প্রথম মূল্যায়নের সময় যে পরীক্ষাগুলো করা হয়েছে তা অত্যন্ত সঠিক এবং আপনাকে এই ভেবে প্রস্তুত থাকতে হবে যে দ্বিতীয় মতামতের ফলাফল প্রথম ফলাফলের সাথে মিল হতে পারে।

আরো অনেক বিষয় আছে যেগুলোর উপর আপনি বিভিন্ন ধরনের উপদেশ চাইতে পারেন, যেমন আপনার এবং আপনার শিশুর জন্য সবচেয়ে ভাল প্রাথমিক পরিচর্যা সেবাব্যবস্থা। আপনি যত বেশি আপনার পছন্দ সম্পর্কে জানবেন, আপনার শিশুর শ্রবণহীনতার ব্যবস্থাপনা সম্পর্কে আপনি তত বেশি আত্মবিশ্বাসী হবেন।

কি কারণে আমার শিশুর শ্রবণহীনতা হয়েছে?

বিভিন্ন ধরনের কারণবশত শিশুর শ্রবণহীনতা হতে পারে। যে সকল কারণে শ্রবণহীনতা হতে পারে সেগুলো হল: বংশগত কারণ, শিশুর পূর্ববর্তী কোন অসুস্থতা, অথবা জন্মের আগে সে যেভাবে বড় হয়েছে। অনেক সময় শিশুর শ্রবণ সমস্যার জন্য প্রায়ই স্পষ্ট কোন কারণ থাকে না। আপনার পেডিঅ্যাট্রিশিয়ান শিশুর শ্রবণহীনতার কারণ সম্পর্কে আরো তথ্য দিতে পারবেন।

অন্য আরো কি ধরনের পরীক্ষা করা যেতে পারে?

আপনার শিশুর শ্রবণহীনতার কারণ সম্পর্কে যদি আরো তথ্য পেতে চান, আপনার পেডিঅ্যাট্রিশিয়ান বিভিন্ন পরীক্ষার জন্য পরামর্শ দিতে পারেন যা থেকে শ্রবণহীনতার কারণ উদ্ভাবন করা যেতে পারে। অনেক সময় পরিবারের অন্যান্য সদস্যদেরও শ্রবণ পরীক্ষায় অংশগ্রহণের জন্য পরামর্শ দেয়া হয়।

ডাক্তার কি খুঁজে দেখবে যে অন্য আর কোন সমস্যা আছে কিনা?

কিছু কিছু শিশুর ক্ষেত্রে, শ্রবণহীনতা অন্য সমস্যার সাথে সম্পর্কযুক্ত হতে পারে, যেমন ক্লেফট প্যালেট, হার্টের সমস্যা এবং অন্যান্য শারীরিক সমস্যা, কিন্তু প্রায়ই বেশীর ভাগ পিতামাতা শ্রবণহীনতা রোগ নির্ণয়ের পূর্বে ইতিমধ্যে এই সকল সমস্যা সম্পর্কে অবগত আছেন। আপনার পেডিঅ্যাট্রিশিয়ান সাক্ষাতে আপনার শিশুর স্বাস্থ্য এবং উন্নয়নের সকল দিক নিয়ে আলোচনা করবেন।

আমার যদি আরেকটি শিশু থাকে, তারও কি শ্রবণহীনতা হতে পারে?

আপনার শিশুর শ্রবণহীনতা যদি বংশগত কারণে হয়, তাহলে অন্য শিশুর ক্ষেত্রেও শ্রবণহীনতা হওয়ার সম্ভাবনা থাকে। আপনি যদি উদ্ভিগ্ন থাকেন, তাহলে জেনেটিক কাউন্সিলিং-এর জন্য জিজ্ঞাসা করতে পারেন।

শ্রবণ ক্ষমতা হ্রাস এবং বধির-এর মধ্যে পার্থক্য কি?

শ্রবণ ক্ষমতা হ্রাস ও বধির, এই শব্দগুলোর সঙ্গে আরও অন্যান্য শব্দ, যেমন শুনতে কষ্ট পাওয়া এবং শ্রবণহীনতা, এই শব্দগুলো সবই ব্যাখ্যা করে এই সকল লোকদের যারা বিভিন্ন ধরনের শব্দ পরিষ্কারভাবে শুনতে পায় না।

সাধারণত, যাদের শ্রবণ ক্ষমতা হ্রাস পেয়েছে অথবা শুনতে কষ্ট হয়, তারা প্রধানত শব্দ বর্ধক সহায়তার মাধ্যমে, যেমন হেয়ারিং এইড অথবা ককলিয়ার ইমপ্যান্ট তাদের শ্রবণ ক্ষমতা যোগাযোগের জন্য ব্যবহার করে। যারা বধির তারা যোগাযোগের জন্য দৃষ্টিশক্তির উপর নির্ভর করে, উদাহরণস্বরূপ, হোটে পঠন বা চিহ্ন ভাষা।

আমার শিশুর কি আজীবন হেয়ারিং এইড পরতে হবে?

হেয়ারিং এইড আপনার শিশুর বেশীর ভাগ শ্রবণে সাহায্য করবে। অস্ট্রেলিয়ান হেয়ারিং-এ অডিওলজিস্ট এই নিয়ে আপনার সাথে আরো আলোচনা করবে।

আপনার শিশুর সাথে যোগাযোগ করা



ককলিয়ায় ইমপ্যান্ট কি সাহায্য করবে?

যাদের প্রচন্ড থেকে অতীব মাত্রায় শ্রবণহীনতা রয়েছে এবং যারা হেয়ারিং এইড থেকে সামান্যই উপকার পায়, সেই সকল শিশুর জন্য ককলিয়ায় ইমপ্যান্ট সবচেয়ে বেশী উপকারী। ককলিয়ায় ইমপ্যান্ট সব ধরনের শ্রবণহীনতার জন্য মানানসই নয় এবং এতে জটিল শল্য চিকিৎসা এবং চলমান থেরাপী প্রয়োজন হয়। আপনার শিশুর জন্য ককলিয়ায় ইমপ্যান্ট উপকারী কিনা তা অস্ট্রেলিয়ান হেয়ারিং-এ অডিওলজিস্ট আপনার সাথে আলোচনা করবে এবং প্রয়োজনে ককলিয়ায় ইমপ্যান্ট কেন্দ্রে আপনাকে পাঠাবে।

আমার শিশুর কি বিশেষ স্কুলে যেতে হবে?

বেশীর ভাগ শিশু যাদের শ্রবণহীনতা আছে তারা প্রচলিত স্কুলে অংশগ্রহণ করে। কিছু কিছু শিশুর ক্লাসরুমে অতিরিক্ত সাহায্যের প্রয়োজন হয়, এবং কিছু কিছু শিশুর শ্রবণহীনতার উদ্দেশ্যে তৈরী করা ক্লাসে যাওয়ার প্রয়োজন হয়। আপনার শিশুর ভালোভাবে শিখতে যথাযথ সাহায্য পাওয়ার বিবেচনা হলো সবচেয়ে গুরুত্বপূর্ণ।

শ্রবণ ক্ষমতা হ্রাসপ্রাপ্ত শিশুর পিতামাতা হিসাবে আমি কি কাজে ফিরতে বা পড়ালেখা করতে পারবো?

আপনার শিশু ছোট থাকাকালীন সময়ে তাদের শ্রবণ শক্তি ব্যবহার এবং যোগাযোগ শিখতে তাদের অতিরিক্ত সাহায্যের প্রয়োজন। এগুলোর মধ্যে থাকবে অনেক পেশাজীবীদের সাথে নিয়মিত সাক্ষাতসূচী ও সাক্ষাত। আপনাকেও বাসায় অনেক কার্যকলাপ করতে হবে তাদের শিখায় সাহায্য করার জন্য। যেহেতু এই ধরনের কার্যকলাপের জন্য অনেক সময় দরকার, সেহেতু আপনাকে আপনার পরিবারের অগ্রাধিকার নিয়ে পুনঃবিবেচনা করা প্রয়োজন। কিছু কিছু পিতামাতা তাদের কাজে ফেরা স্থগিত রাখে, আবার অন্যান্যরা সহনীয় পর্যায়ে কাজে ফেরার ব্যবস্থা করে।

আমি কি ভ্রমশ খরচের জন্য অর্থনৈতিক সাহায্য পাবো?

দয়া করে অনুচ্ছেদ ৭ দেখুন।

অন্যান্য আর কি সহায়তা আছে?

দয়া করে অনুচ্ছেদ ৭ দেখুন।

“যে বিষয়গুলো সম্পর্কে জানতে আগ্রহী, সেগুলো সম্পর্কে যত পারেন গবেষণা করুন এবং শিখুন। আর এই কাজগুলো করতে পারেন পেশাজীবীদের সাথে কথা বলে কিংবা ঐ বিষয়ের উপর সাহিত্য পড়ে। তবে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হলো, অন্যান্য পিতামাতাদের সাথে যোগাযোগ বানেটওয়ার্ক তৈরী করা। এবং মনে রাখবেন যে, সবার জন্য একই পদ্ধতি প্রযোজ্য না – আপনাকে শুষু দেখে যেতে হবে এবং কোন একটি নির্দিষ্ট পদ্ধতি যে কাজ করছে না তার চিহ্নগুলো লক্ষ্য করতে হবে এবং শীথিল হওয়ার জন্য তৈরী থাকতে হবে।”



শ্রবণহীনতা এবং আপনার শিশু: পরবর্তী পদক্ষেপ

আপনার শিশুর সাথে যোগাযোগ করা

যোগাযোগ

আপনার শিশুর শ্রবণহীনতা শুরুর আগেই চিহ্নিত করা হয়েছে যা কিনা ভালো যোগাযোগ দক্ষতা উন্নয়নের জন্য উত্তম। আপনার শিশু বিভিন্ন উপায়ে, যেমন কথা বলে, চিহ্ন ভাষা ব্যবহার করে অথবা দুইয়ের সংমিশ্রনে যোগাযোগ করা শিখতে পারবে।

এখনই সিদ্ধান্ত নিতে হবে না। এর জন্য কোন 'প্রেসক্রিপশন' নাই – যোগাযোগের সবচেয়ে ভালো পদ্ধতি নির্ভর করে আপনার শিশুর প্রয়োজন অনুযায়ী এবং যা আপনার পরিবারের জন্য কাজ করে।

পিতামাতাদের জন্য টিপস্

নিম্নলিখিতভাবে জন্মের সময় কার্যকর যোগাযোগ পদ্ধতি শুরু হয়...

- শব্দ এবং ইশারা
- মুখের অভিব্যক্তি
- আদর-সোহাগ করা এবং শিশুকে ধরে রাখা
- জড়িয়ে ধরা
- ছোঁয়া এবং গেমস্ খেলা
- ফানি মুখ করা
- শিশুর চোখের দিকে স্থির দৃষ্টিতে তাকিয়ে থাকা

শিশুরা কিভাবে যোগাযোগ করে?

- হাসছে – 'আমি খুশি'; 'চলো খেলি'
- কাঁদছে – 'আমি ক্ষুধার্ত, ভিজে গেছি, ব্যথা'
- কুকু করছে – 'আমি ভালো অনুভব করছি'।
- তীব্রস্বরে চিৎকার – 'এটা আবার কর!'
- বলছে
- নিদ্রিষ্ট কিছু দেখানো এবং পৌঁছানো – 'আমি এটা চাই'

শিশুর ফোকাস আপনার মুখের দিকে আনুন

- কথা বলা আপনার শিশুকে আপনার মুখের দিকে তাকানোতে উৎসাহ যোগায়। এটি তাকে ঠোঁট পঠন এবং/অথবা কথা শিখায় সাহায্য করবে।
- ২০ থেকে ২৫ সেন্টিমিটার দূর থেকে আপনার শিশুর মুখের দিকে তাকান – শিশুর ফোকাসের জন্য এটি সর্বোত্তম দূরত্ব।

- এমনকি যদি আপনি চিহ্ন ভাষা ব্যবহার করার সিদ্ধান্ত নেন, আপনার মুখের দিকে শিশুর তাকানো প্রয়োজন।

কথা বলার পূর্বে শিশুর মনোযোগ আকর্ষণ করুন

- হাত এবং শরীর নাড়ান যাতে করে শিশু দেখতে পায় আপনি তার সাথে কথা বলছেন।
- শিশুকে আপনার মুখের দিকে ফোকাস করতে উৎসাহ দিন – শিশুর মুখের সামনে একটি খেলনা নাড়ুন, তারপর সেটি আপনার মুখের দিকে ঘুরান যাতে করে আপনি কথা বলার সময় সে আপনার দিকে তাকায়।
- খেলনা সম্পর্কে কিছু বলার পূর্বে তাতে কয়েকবার টোকা দিন।
- আপনার দিকে তাকাতে শিশুর বাহ বা পায়ের পাতা ছোঁন, তারপর কথা বলা শুরু করুন।

পরিবেশ বদলানো

- শিশুর সাথে কথা বলার সময় দূরত্ব কম রাখার চেষ্টা করুন। কোলাহলপূর্ণ পরিবেশে আরো কাছে আসুন।
- যখন আপনি চান যে আপনার শিশু আপনাকে গুনুক তখন কোলাহল থেকে সরিয়ে নিন অথবা পিছনের কোলাহল কমান।
- এমনভাবে শিশুকে রাখুন যাতে আপনি তার দৃষ্টিতে থাকেন।
- ঘরে যাতে ভালো আলো থাকে সেদিকে নিশ্চিত হোন।

আপনার শিশুর সাথে যোগাযোগ করা



ইশারা বুঝতে পারা

- আপনার শিশুর ইশারা বুঝুন এবং জিজ্ঞাসা করুন “আমার শিশু তার চোখ, মুখ, শরীর অথবা আওয়াজের মাধ্যমে কি বলার চেষ্টা করছে?”
- আপনার শিশুর দেয়া ইশারা বুঝুন – মুখায়বের অভিব্যক্তি, চোখাচোখি, কুকু করা এবং বকবক করা বা নড়াচড়া – এবং যথাযথ ভাষা, ইশারা, অভিব্যক্তি অথবা চিহ্নের মাধ্যমে সাড়া দিন।
- শিশুর বলা কথা বারবার বলা এবং তার সাথে আরো শব্দ যোগ করার মাধ্যমে আপনার শিশুকে যোগাযোগে উৎসাহ যোগান।

অনুকরণ করা

- আপনার শিশুর করা শব্দ এবং ইশারা অনুকরণ করুন এবং তার পুনরায় করা পর্যন্ত অপেক্ষা করুন।
- তার জন্য মডেল হিসাবে আপনি কিছু কাজ বা শব্দ বলুন, যেমন - হাত নেড়ে বিদায় জানানো
- আপনার শিশু যা দেখায় তার প্রতিচ্ছবি আপনার মুখে ফুটিয়ে তুলুন।

শব্দ এবং ভাষার সাথে খেলা করা

- আপনার সবচেয়ে পছন্দের খেলনার ভাষা তৈরী করুন এবং প্রতিটি সুযোগে এটি ব্যবহার করুন।
- আপনি যখন কোন মজাদার শব্দ শুনতে পাবেন, সেটি খোঁজার জন্য আপনার মাথা বামে অথবা ডানে ঘুরান – “শব্দটি কোথা থেকে আসছে?”
- ‘বাইন্ড ম্যান’স বাফ’ এবং ‘পিক-এ বু’-এর মতো গেমস্ খেলুন।
- ‘কোলাহলপূর্ণ খেলনা’ এবং গেমস্ নিয়ে খেলুন।

নিজস্ব শ্রদ্ধাবোধ

- শ্রবণহীনতা সম্পর্কে আপনার শিশু, এবং বন্ধু, পরিবার এবং শিক্ষকদের সাথে খোলাখুলিভাবে কথা বলুন, কিন্তু মানসিক চাঞ্চল্য উদ্বেককারী ভাষা এড়িয়ে চলুন।
- আপনার শিশু যখন ছোট তখন ভালো শ্রোতা হওয়ার অভ্যাস করুন এবং কোন প্রশ্ন করা ছাড়াই সব কিছু গ্রহণ করুন।
- অনেক কিছু নিয়ে যোগাযোগ পদ্ধতি তৈরী হয়, অনেক নামের মধ্যে কয়েকটি হলো: বাকশক্তি, ইশারা, মুখের অভিব্যক্তি, ছোঁয়া এবং সংকেত/চিহ্ন।
- প্রত্যেক ব্যক্তি যোগাযোগের ক্ষেত্রে এগুলোর মিলিত পদ্ধতি ব্যবহার করে।
- আপনার শিশুর সাথে এই কৌশল শুরু থেকেই যত পারেন ব্যবহার করুন যাতে করে আপনার শিশুর যোগাযোগ এবং ভাষার শিক্ষা বাড়ে।



শ্রবণহীনতা এবং আপনার শিশু: পরবর্তী পদক্ষেপ

আপনার শিশুর সাথে যোগাযোগ করা

একদিকের কানে শুনতে সক্ষম এমন শিশুদের জন্য বিশেষ টিপস্ – আমার শিশুকে সাহায্য করার জন্য কি কৌশল ব্যবহার করতে পারি?

শারীরিক পরিবেশের পরিবর্তন

- আপনার শিশুকে এমনভাবে রাখুন যাতে ভালো কানটি শব্দের দিকে থাকে এবং আপনি যা শুনতে চান তা সে শুনতে পায়।
- পিছনের কোলাহল থেকে আসবাবপত্র, যেমন খাট এবং উঁচু চেয়ার সরিয়ে রাখুন এবং এমন স্থানে রাখুন যাতে ভালো কানের সুবিধা/উপকারীতা গ্রহণ করে।
- শিশুর গাড়ীর সিট ভালো কানের কাছে গাড়ীর বিপরীতে রাখুন।
- নিশ্চিত হবেন যে আপনার শিশু বসা অবস্থায় ভালো কানে যাতে মজাদার শব্দ শুনতে পায়।
- রুমে পর্যাপ্ত আলো নিশ্চিত করুন।
- এই ব্যাপারে পরামর্শ দেয়া হচ্ছে যে আপনার শিশু যখন স্কুলে যাবে, তখন ক্লাসে পছন্দনীয় আসনে তার বসা উচিত যাতে করে ভালো কানের সুবিধা সে নিতে পারে।


যোগাযোগ কৌশল

- শিশুর সাথে কথা বলার সময় দূরত্ব কম রাখুন। কোলাহলপূর্ণ পরিবেশে আরো কাছে আসুন।
- আপনি যখন চান যে শিশু আপনার কথা শুনুক তখন পিছনের কোলাহল থেকে দূরে সরে যান অথবা পিছনের কোলাহল কমান।
- আলাপ করার সময় শিশুকে এমনভাবে রাখুন যাতে ভালো কান আপনার দিকে থাকে, অথবা অন্যান্য শব্দ শোনার জন্য আপনার থেকে সরিয়ে নিন।
- শিশুকে দেখান কোথা থেকে শব্দ আসছে।
- শিশুর মনযোগ আকর্ষণ করুন, তারপর কথা বলুন।
- আপনি যখন কথা বলবেন অথবা শব্দ তৈরী করবেন তখন হস্তিত অথবা ইশারা করুন: শিশুকে আপনার ঠোঁট দেখতে দিন।
- শিশুকে যখন ডাকবেন তখন তাদের বলুন আপনি কোন রুমে আছেন।
- আপনি যখন কোন মজাদার শব্দ শুনবেন, সেটি খোঁজার জন্য আপনার মাথা বামে অথবা ডানে ঘুরান – “শব্দটি কোথা থেকে আসছে?” কি করা যেতে পারে?

বাড়ীতে কি করা যেতে পারে?

- শিশু যখন শোনার মত পরিস্থিতিতে থাকে, তখন সম্ভব হলে, পিছনের কোলাহল একদম কমিয়ে রাখুন।
- নিশ্চিত হন যে আপনি যখন কথা বলেন তখন যেন শিশু আপনাকে দেখতে পায়।
- কোথা থেকে শব্দ আসছে তা বের করতে আপনার শিশুর হাত কষ্ট হতে পারে, তাই শিশুকে খুব সজাগ হওয়ার শিক্ষা দিন, যেমন রাস্তা পারাপার হওয়া।
- ভালো কানকে উচ্চ শব্দ হতে রক্ষা করুন যেমন বৈদ্যুতিক যন্ত্রপাতি অথবা ব্যক্তিগত হেডফোনস।
- নিয়মিতভাবে শিশুর শ্রবণ ক্ষমতা মূল্যায়ন করুন যাতে করে তার ভালো কানে শ্রবণ ক্ষমতা গ্রহণযোগ্য পর্যায়ে থাকে। আপনার অডিওলজিস্ট আপনাকে বলবেন কখন কখন তা করা উচিত।
- শিশুর কানে যদি রোগ সংক্রমন হয়, তাহলে আপনি হস্তিত লক্ষ্য করবেন যে তাদের শ্রবণ ক্ষমতা আরো খারাপ হয়েছে। এটি গুরুত্বপূর্ণ যে আপনি হাত তাড়াতাড়ি সম্ভব একজন ডাক্তার দেখান।
- শিশু যাতে হাম, মাস্পস্ এবং রুবেলার টিকা নেয় তা নিশ্চিত করুন।
- অনুচ্ছেদ ৭ দেখুন: পিতামাতার দল যারা একে অপরকে সমর্থন যোগায় তাদের জন্য সমর্থন।

আপনার শিশুর সাথে যোগাযোগ করা



হেয়ারিং এইডস্

প্রি-স্কুল এবং স্কুলে কি করা যেতে পারে

- শিক্ষককে বলুন যে আপনার শিশুর এক কানে শ্রবণহীনতার সমস্যা আছে।
- শিক্ষকের কাছাকাছি অথবা যেখানে আপনার শিশু সবচেয়ে ভালো শুনতে পারে সেখানে বসা উচিত।
- ভালো কান শিক্ষকের সবচেয়ে কাছে থাকা উচিত।
- শিশুকে পিছনের কোলাহল, যেমন পাখা অথবা এয়ার কন্ডিশনার থেকে দূরে বসা উচিত।
- কিছু কিছু ক্ষেত্রে, এফ এম (রেডিও হতে পরিবাহিত শব্দ) অথবা হেয়ারিং এইড উপকারী হতে পারে। এই সম্পর্কে আপনার অডিওলজিস্টকে জিজ্ঞাসা করতে পারেন।

নিয়মিত হেয়ারিং এইড পরলে আপনার শিশু সবচেয়ে বেশী উপকার পাবে।

হেয়ারিং এইড যদি সঠিকভাবে লাগানো হয় তাহলে তা আপনার শিশুর জন্য অস্বস্তিজনক বা বেদনাদায়ক হওয়া উচিত নয়।

প্রতিটি হেয়ারিং এইড একটি কানের ছাঁচে লাগানো হয় যা আপনার শিশুর কানের একদম মাপের এবং আকৃতির থাকে।

অস্ট্রেলিয়ান হেয়ারিং-এর অডিওলজিস্ট নিয়মিত আপনার শিশুর কান পরীক্ষা করবেন যাতে করে শিশুর বড় হওয়ার সাথে সাথে কানের ছাঁচ ঠিকমত লেগে থাকে।



শুভসহীনতা এবং আপনার শিশু: পরবর্তী পদক্ষেপ

পরামর্শ— কিভাবে আপনার শিশুকে সাহায্য করা যায়

আপনার শিশুর জন্য পরামর্শের অর্থ হলো তার ভালো থাকা এবং পছন্দকে প্রবর্ধন করা।

পিতামাতা তাদের সন্তানের জন্য সবচেয়ে ভালোটা চায়। আমরা যতটুকু পারি তাদেরকে সবচেয়ে ভালো সুযোগ দিতে চাই যাতে করে তারা সুখী, বয়স্ক স্বাধীন হিসাবে বড় হয়। পিতামাতা তাদের শিশুর ভালোর জন্য দায়ী এবং তাদের শিশুর সবচেয়ে ভালো ইচ্ছা তাদের হৃদয়ে থাকে — তারা তাদের শিশুদের জন্য প্রাকৃতিক পরামর্শদাতা।

আপনার শিশু যত বড় হবে, আপনি এমন পরিস্থিতির মুখোমুখি হবেন যেখানে আপনার পরামর্শের দক্ষতা দরকার হবে। নিম্নলিখিত টিপস্ নিয়ে আপনি পরামর্শের পথ শুরু করতে পারেন:

1. আপনি আপনার শিশুর সমর্থন দলের প্রধান সদস্য এবং আপনার শিশুর স্বাস্থ্যের সাথে জড়িত স্বাস্থ্য সেবা পেশাজীবীদের সাথে আপনার কাজ করা উচিত। ফলপ্রসূ পরামর্শ নির্ভর করে আপনার শিশুর দলের অন্যান্যদের সাথে কাজ করার মাধ্যমে।
2. শুভসহীনতা এবং শিশুর উপর এর প্রভাব সম্পর্কে শিক্ষিত হোন এবং তথ্য সংগ্রহ করুন। আপনার শিশুর প্রয়োজন সম্পর্কে একটি ভালো বোঝাপড়া গড়ে তুলতে বেশী করে পড়ুন এবং পেশাজীবী ও অন্যান্য পিতামাতাদের সাথে কথা বলুন।

3. আপনার শিশুকে সাহায্যকারী বিভিন্ন সেবা ব্যবস্থায় ব্যবহৃত বিভিন্ন পরিভাষা, বিভাষা, নিয়ম এবং পদ্ধতি সম্পর্কে পরিচিত হোন।
4. আপনার সামর্থ এবং অধিকার সম্পর্কে আত্মবিশ্বাসী হোন। কার্যকর যোগাযোগ সাফল্যের একটি চাবিকাঠি — জ্ঞান এবং দক্ষতা ব্যবহার করুন যা আপনার আছে।
5. লিখে রাখার জন্য নিজেকে প্রশিক্ষিত করুন। সকল চিঠি ও রিপোর্ট -এর কপি রাখুন এবং এর সাথে ফোন কলের নোটও রাখুন।

বর্তমান বিবেচনায় এটি উচ্ছ্বসিত মনে হতে পারে যে আপনার শিশুর প্রয়োজনে আপনাকে অবশ্যই বিশেষজ্ঞ হতে হবে এবং আপনার পরিবারকে সহায়তা প্রদান ও প্রয়োজনীয় সমর্থন দিতে সিস্টেম তৈরী করা হয়েছে। তবে, শিশুর কল্যানের কাজে জড়িত হওয়া ও এই ব্যাপারে তথ্য সমৃদ্ধ হওয়া তাদের সন্তানের জন্য সব থেকে কার্যকর পরামর্শদাতা এবং আপনার শিশুর প্রয়োজন মেটাতে আপনি যে সময় ব্যয় করেছেন, তার জন্য আপনি কখনোই অনুতপ্ত হবেন না।

“ আমাদের জন্য এটি একটি দলীয় ব্যাপার, যদিও আমরা উভয়ই পরিস্থিতি বুঝে ভিন্ন ভূমিকা গ্রহণ করি। আমি আমাদের শিশুর প্রতিদিনের চাহিদার সমর্থনের ব্যাপারে বেশী জানি, কিন্তু ... শিশুরা যা করে তাদের জন্য কি সেই ধরনের কোন কার্যক্রম আছে — এই শিশুর শিক্ষা গ্রহণে এবং তার জীবন-যাপনে যাতে কোন বাধা না আসে তা নিশ্চিত করতে আমরা দু'জনই প্রতিজ্ঞাবদ্ধ, সুতরাং আমরা মডেল হিসাবে কাজ করি এই ভেবে যে — আমাদের শিশুর শুভসহীনতার সমস্যা আছে এবং আমরা তা মেনে নিয়েছি। যে সকল শিশুরা খুশি, সুস্বাস্থ্যের অধিকারী এবং সন্মুখগামী (শিকারগ্রস্ত না), আমরা তাদেরকে নিয়ে আসার চেষ্টা চালাচ্ছি। ”

আপনার পরিবার



ভাই এবং বোন

পরিবারে নতুন শিশু আসা ভাই ও বোনের জন্য কঠিন হতে পারে। যখন একটি শিশুর শ্রবণহীনতার রোগ নির্ণয় করা হয়, তা ভাই ও বোনসহ পরিবারের সকলকেই প্রভাবিত করে। আপনার বড় সন্তানরা যাতে এই পরিস্থিতি সহজভাবে নিতে পারে তার জন্য আপনি কিছু করতে পারেন।

- বড় সন্তানকে বয়সের যথাযথ ভাষা অনুযায়ী শ্রবণহীনতা সম্পর্কে বলুন। কারণ জানার পর তাদের অনিশ্চয়তা কমে এবং তাদের ভয় বাস্তবতায় পরিণত হয়।
- ভালো শ্রোতা হতে চেষ্টা করুন এবং তাদের অনুভূতি প্রকাশ করতে দিন।
- প্রতিটি শিশুর জন্য দিনে কিছু বিশেষ সময় রাখুন। পরিবার-পরিজন এবং বন্ধুদের সাহায্য চাইতে পারেন যাতে করে আপনি আপনার অন্যান্য সন্তানদের সাথে সময় কাটাতে পারেন। মা অথবা বাবার সাথে ১০ মিনিট নিরবচ্ছিন্ন সময় কাটানো তাদের মূল্য ও ভালোবাসার অনুভূতিতে একটি ভিন্নতা তৈরি করবে।
- অন্যান্য শিশুদের প্রতি মনোযোগ দেয়ার জন্য পরিবার-পরিজন এবং বন্ধুদের স্মরণ করিয়ে দিন।
- সকল সন্তানদের সাথে ভাল সময় উপভোগ করার জন্য সময় নিন – তাদের সকলেরই প্রয়োজন আছে এবং তারা নিজেদের বিশেষ ভাবে এবং ভালোবাসা চায়।

দাদা-দাদীদের জন্য একটি বার্তা

আমরা জানি যখন একটি শিশুর শ্রবণহীনতার রোগ নির্ণয় করা হয় তখন দাদা-দাদীর জন্য এটি একটি কঠিন সমস্যা। আপনি আপনার নাতির জন্য, আপনার নিজের সন্তানের জন্য এবং নিজের জন্য দুঃখবোধ অনুভব করবেন। আমরা আরও জানি যে দাদা-দাদী তাদের ছেলে বা মেয়েকে যে আবেগজনিত সমর্থন দেয় সেটা তাদেরকে মানসিকভাবে খাপ খেয়ে নেয়া এবং তাদের চাপ কমানোর জন্য গুরুত্বপূর্ণ। শ্রবণহীন শিশুর পিতামাতা তাদের নিজস্ব পিতামাতাগণের কাছ থেকে প্রাপ্ত সমর্থনকে সবচেয়ে বেশী প্রশংসা করে থাকেন।

আপনার ছেলে বা মেয়ের পরিবারকে সহায়তা দিতে কতগুলো বাস্তবসম্মত উপায় আছে। শিশুর প্রতি যে ধরনের নজর আমরা সবচেয়ে বেশী চাই যেমন – ছোঁয়া, ধরা, আরাম দেয়া, দোলানো, গান গাওয়া এবং কথা বলা – এগুলো আপনার নাতির এখন সবচেয়ে বেশী প্রয়োজন।

কিছু পরিবার বাস্তবসম্মত সাহায্য, যেমন পরিষ্কার করা, ধোয়া এবং ইস্ত্রী করা বা বাজার করাকে সত্যিকারভাবে প্রশংসা করে। আপনাকে পথ প্রদর্শনের জন্য পিতামাতাকে সুযোগ দিন, তাদেরকে নিয়ন্ত্রণ করা থেকে বিরত থাকুন।

আপনার নতুন নাতি অথবা তার অন্যান্য ভাই-বোনকে আপনি দেখাশুনা করলে তাদের পিতামাতাগণ রিলাক্স করার এবং নিজেদের নিয়ে কিছু ভাল সময় কাটানোর সুযোগ পায়। এক ঘন্টার বিরতি তাদের ক্লান্তি দূর করে পুনরায় শক্তি যোগায় এবং তাদের জীবনে আবার বাস্তবতা ফিরিয়ে আনে।

প্রযুক্তিকে ভয় পাবেন না। হেয়ারিং এইড কিভাবে লাগাতে হয়, কিভাবে পরীক্ষা করতে হয়, কিভাবে ব্যাটারী বদলাতে হয় ইত্যাদি শিখুন। এগুলো জটিল হতে পারে, কিন্তু সামান্য অনুশীলনে আপনি শীঘ্রই একজন বিশেষজ্ঞ হয়ে যাবেন।

আপনার নাতি যে রকমই হোক না কেন তাকে গ্রহণ করুন। তাদের অর্জনকে স্বীকৃতি দিন এবং তাদের সঙ্গ উপভোগ করুন।

যে জিনিসগুলো সাহায্য করবে না:

তাদের বলবেন না যে চিন্তার কারণ নাই – “সে খুব ছোট; সে এখান থেকে বেরিয়ে আসবে; কিছু সময় দিন” কারণ এটি এই ধরনের কেস না। শুরুতেই হেয়ারিং এইড লাগানো, প্রাথমিক পরিচর্যার বন্দ্বেদন করা এবং পারিবারিকভাবে ভালোবাসা ও সমর্থন জোগান আপনার নাতির জীবন সম্ভবত সর্বোৎকৃষ্টভাবে শুরু করবে।

শ্রবণহীনতার জন্য পরিবারের এক পক্ষকে অথবা পরিবারের একজন সদস্যকে দোষারোপ করবেন না – এটি সাহায্য করবে না ও বিচলিত করবে। এমনকি যে সকল পরিবারে শ্রবণহীনতার ইতিহাস আছে, তারাও প্রচন্ডভাবে আঘাত পায় এবং বিচলিত হয় যখন তাদের পরিবারের সবচেয়ে ছোট সদস্যটির শ্রবণহীনতার রোগ নির্ণয় করা হয়।

সমালোচনা করা ও মতামত দেয়া থেকে বিরত থাকুন। যে সকাল পিতামাতা পেশাজীবী ব্যক্তিদের কাছ থেকে সমর্থন এবং ভালো তথ্য পেয়ে থাকেন, সাধারণত তারা তাদের পরিবারের জন্য সঠিক পছন্দ করে থাকেন (এমনকি যদি সেই মতামত আপনার থেকে ভিন্ন হয়)।



শ্রবণহীনতা এবং আপনার শিশু: পরবর্তী পদক্ষেপ

প্রাথমিক পর্যায়ের হস্তক্ষেপ

শিশুর প্রাথমিক পর্যায়ের হস্তক্ষেপ কি?

শিশুর প্রাথমিক পর্যায়ের হস্তক্ষেপ একটি সমন্বয়কারী সেবা ব্যবস্থা যা শিশুর বৃদ্ধি এবং উন্নয়নকে প্রবর্ধন করে এবং পরিবারের জন্য প্রাথমিক গুরুত্বপূর্ণ বছরগুলোতে যেমন, জন্ম থেকে স্কুলে প্রবেশ করা পর্যন্ত সময়টুকুতে সমর্থন দিয়ে থাকে।

শিশুর প্রাথমিক পর্যায়ের হস্তক্ষেপ বহুবিধ বিভাগের সমন্বয়ে হওয়া উচিত। যে সকল শিশুর শ্রবণহীনতা রয়েছে প্রাথমিক পরিচর্যার কার্যক্রম সাধারণত তাদের ভাষা উন্নয়নে দৃষ্টিপাত করে, কিন্তু এছাড়াও এই কার্যক্রম শিশু ও তার পরিবারের বুদ্ধিমত্তা, সামাজিক, আবেগপ্রবণ এবং শারীরিক প্রবৃদ্ধি/ প্রয়োজনও বিবেচনা করে।

শুরুতেই এই প্রক্রিয়ার সাথে পিতামাতার জড়িত হওয়া উচিত। শিশুকে সমর্থনকারী দলের মধ্যে আপনাকে একজন প্রধান সদস্য হওয়া উচিত। সাধারণত পিতামাতা/সেবাপ্রদানকারীগণ এই দল গঠন করেন এবং দলের মধ্যে শিশু বিষয়ক চিকিৎসক, অডিওলজিস্ট, বধিরদের শিক্ষক, অন্যান্য ডাক্তার, বাকশক্তি প্যাথলজিস্ট, সমাজ কর্মী, কাউন্সিলর এবং

শিক্ষা বিষয়ক মনোবিজ্ঞানীগণ থাকতে পারেন। শিশু এবং তার পরিবারের প্রয়োজন অনুযায়ী অন্যান্য ব্যক্তি যারা এই দলভুক্ত হতে পারে তারা হলেন ফিজিওথেরাপিস্ট, অকুপেশন্যাল থেরাপিস্ট এবং আরও অনেকে।

কেন আমার শিশুর প্রাথমিক হস্তক্ষেপ প্রয়োজন?


শিশুর সাথে কি পদ্ধতিতে কথাবার্তা বলেন তা ব্যতীরেকে গবেষণায় দেখা গেছে যে ৬ মাস বয়সের পূর্বে হস্তক্ষেপ আপনার শিশুর বাকশক্তি এবং ভাষার উন্নয়ন বৃদ্ধি করে এবং একই সাথে দেরীতে বৃদ্ধির প্রবণতা কমায়। প্রাথমিক পর্যায়ে শিশুর শ্রবণহীনতার চিহ্নিতকরণ আপনাকে সাবধানে পছন্দ করার সময় দিবে। তাড়াহড়ার প্রয়োজন নাই, তবে মাসের পর মাস ব্যয় করাও ঠিক নয়।

কোন প্রাথমিক পর্যায়ের হস্তক্ষেপ আমার শিশুর জন্য সবচেয়ে ভালো হবে তা আমি কিভাবে সিদ্ধান্ত নিবো?

অস্ট্রেলিয়ান হেয়ারিং-এ প্রথম যখন যাবেন তখন চয়েসেস্ (CHOICES) নামে একটি পুস্তিকা আপনাকে দেয়া হবে। আপনার জন্য যে সকল সেবা ব্যবস্থা আছে তার সম্পর্কে তথ্য পাওয়ার জন্য চয়েসেস্ একটি ভালো স্থান। একটি শ্রবণহীন শিশু নিয়ে আপনি কিভাবে চলছেন তা সম্পর্কিত সকল রকম তথ্য চয়েসেস্ আপনাকে প্রদান করে। এতে আরও রয়েছে শিশুর প্রতিটি প্রাথমিক হস্তক্ষেপ সেবা ব্যবস্থা সম্পর্কে তথ্য এবং তাদের সাথে যোগাযোগের উপায় সংক্রান্ত তথ্য। আপনার এলাকায় অবস্থিত প্রাথমিক হস্তক্ষেপ সেবা ব্যবস্থার উপর সকল তথ্য খুঁজে বের করুন। একের অধিক কার্যক্রম দেখুন এবং একটি অধিবেশনে বসুন। অন্যান্য পিতামাতাদের খুঁজে বের করুন যারা একই প্রক্রিয়ার মধ্য দিয়ে গিয়েছে। এতে করে বধির এবং শ্রবণহীন হ্রাসপ্রাপ্ত বয়স্কদের সাথে কথা বলার সুযোগ পাওয়া যাবে এবং তাদের পিতামাতা তাদের জন্য যে সিদ্ধান্ত গ্রহণ করেছিল তার উপর মতামত পাওয়া যাবে। শুধুমাত্র একজনের কাছ থেকে শুনবেন না। উপদেশকে খোলামনে গ্রহণ করুন, কিন্তু আপনার নিজের বুদ্ধি এবং বিচারকেও বিশ্বাস করুন।

আপনার পরিবারের জন্য সঠিক সেবা ব্যবস্থা পছন্দ করুন, আপনি একের অধিক সেবা ব্যবস্থা পছন্দ করতে পারেন; গুলো আবশ্যিকভাবে/অপরিহার্যভাবে সবচেয়ে সুবিধাজনক নাও হতে পারে। এখানে কোন সঠিক বা ভুল পছন্দ নাই এবং কোন সিদ্ধান্তই স্থায়ী নয়।

প্রাথমিক পর্যায়ের হস্তক্ষেপ



কিভাবে আমি অন্যান্য পিতামাতা এবং/অথবা বয়স্ক বধিরদের সাথে যোগাযোগ করবো?

বিভিন্ন উপায় আছে:

- পিতামাতা সমর্থন দল – এর সম্পর্কে
- বিস্তারিত তথ্য এই তথ্যকণিকা পরে দেয়া হয়েছে
- নিউ সাউথ ওয়েলস্ এর বধির সমাজ – নিদিষ্টভাবে যদি আপনি কিছু বধির অথবা শ্রবণহীন লোকদের সাথে মিলিত হতে চান

এস ডবি উ আই এস এইচ -এর সমাজ কর্মীগণও আপনাকে অন্যান্য পিতামাতার সাথে যোগাযোগ করিয়ে দিতে পারেন।

প্রাথমিক পর্যায়ে হস্তক্ষেপ সেবা ব্যবস্থার যাচাই তালিকা

শিশুর ব্যক্তিগত স্বাস্থ্য রেকর্ডের ভিতরে থাকা প্রাথমিক পর্যায়ে হস্তক্ষেপ সেবা ব্যবস্থার যাচাই তালিকা কিছু প্রশ্ন করতে আপনাকে সাহায্য করবে যখন আপনি সিদ্ধান্ত নিবেন যে আপনার শিশুর জন্য কি ধরনের পরিচর্যা সেবা ব্যবস্থায় যেতে আপনি আগ্রহী। আপনার এবং আপনার শিশুর প্রয়োজন মিটাতে একটি সঠিক পরিচর্যা সেবা ব্যবস্থা বের করা গুরুত্বপূর্ণ। দয়া করে মনে রাখবেন যে এখানে কোন সঠিক বা ভুল উত্তর নাই এবং আপনি যে কোন সময় সিদ্ধান্ত পরিবর্তন করতে পারেন।

“পরিবার এবং বন্ধু মাত্রই বিস্ময়কর। প্রাথমিক পর্যায়ের হস্তক্ষেপ সেবা ব্যবস্থা আপনাকে একটি সমাজের অংশ হিসাবে অনুভব করাবে। সমর্থন দল চমৎকার। আপনি যদি অন্যের কথা গ্রহণ না করেন, তার অর্থ এই না যে আপনি নিজেকে দল থেকে সরিয়ে আনবেন। এই তথ্য সম্পদ থেকে ভালো কিছু গ্রহণ করুন। তবে এটি সব সময় যে ‘শ্রবণহীনতা সমর্থন’ হতে হবে তা নয়। আমি মনে করি সবচেয়ে ভালো সমর্থন হতে পারে তা যা একজন ব্যক্তি হিসাবে আপনাকে ভালো অনুভব করাবে, তখন আপনি আপনার শিশুর জন্য সবচেয়ে ভালো পিতামাতা হতে পারেন। ধোয়া, আমার বাগান চমৎকার দেখাতে আমাকে সাহায্য করা, আমার জন্য মজাদার স্যুপ রান্না করতে আমার মা এবং বাবা বেশ ভালো। শ্রবণহীনতার সাথে এর কোন সম্পর্ক নাই ..., কিন্তু যখন আমি অনেক সাক্ষাতকারে উপস্থিত হওয়ার দরুন ক্লান্ত হয়ে যাই, তখন সত্যিকারভাবে এই সকল উপকারকে প্রশংসা করি।”



সমর্থন

এস ডবি উ আই এস এইচ- এর সমাজ কর্মীগণ

নবজাতকের শ্রবণহীনতা রোগ নির্ণয়ের পর এস ডবি উ আই এস এইচ-এর সমাজ কর্মীগণ শিশুর পরিবারের আবেগপ্রবণতা এবং সামাজিকভাবে ভালো থাকা নিয়ে উদ্বিগ্ন থাকেন। তারা শিশুর উদ্দেশ্যে পরিবার কেন্দ্রিক সাহায্য প্রদান করে থাকে।

সমাজ কর্মীগণ এস ডবি উ আই এস এইচ দলের সদস্য এবং অডিওলজিস্ট যিনি আপনার শিশুর শ্রবণহীনতার রোগ নির্ণয় করেছেন, তিনি আপনাকে এস ডবি উ আই এস এইচ সমাজ কর্মীর কাছে পাঠাতে পারেন। আপনি সমাজ কর্মীর সাথে রোগ নির্ণয়ের সময় দেখা করতে পারেন অথবা পরে সমাজ কর্মীর সাথে যোগাযোগ করতে পারেন।

ওয়েস্টমিডের শিশু হাসপাতাল, সিডনী শিশু হাসপাতাল এবং জন হান্টার হাসপাতালে এস ডবি উ আই এস এইচ সমাজ কর্মী রয়েছেন। প্রতিটি হাসপাতালের সামাজিক কর্ম বিভাগের মাধ্যমে সমাজ কর্মীদের সাথে যোগাযোগ করতে পারেন।

সমাজ কর্মীগণ অনেক ব্যাপারে সাহায্য করতে পারেন যার মধ্যে রয়েছে:

- আপনার শিশুর শ্রবণহীনতা নিয়ে কাজ করা – শ্রবণহীনতা নির্ণয়ের অনুভূতি অস্বস্তিকর হতে পারে এবং পরিবারের বাইরের কারো সাথে এটি নিয়ে আলোচনা করা উপকারী হতে পারে
- হাসপাতাল থেকে এবং সামাজিক পর্যায়ে সেবা ও তথ্য সম্পদ গ্রহণের সুবিধা – আপনার যদি অতিরিক্ত সহায়তার প্রয়োজন হয়, সমাজ কর্মীগণ আপনার পরিবারের জন্য যথাযথ সেবা এবং তথ্য সম্পদ বের করতে আপনাকে সাহায্য করতে পারে। এগুলোর মধ্যে থাকতে পারে পারিবারিক সমর্থন সেবা, হার্ডজিং অথবা অন্যান্য বাস্তবসম্মত তথ্য সম্পদ অথবা আপনার বা আপনার সন্তানের সাথে সম্পর্কযুক্ত অন্যান্য সেবাসমূহ
- পরিবার এবং সম্পর্ক নিয়ে উদ্বিগ্ন – শ্রবণহীনতার রোগ নির্ণয় পরিবারের প্রতিটি সদস্যের উপর প্রভাব বিস্তার করবে
- পিতামাতার দায়িত্ব পালনে জটিলতা
- পরিবর্তন ও দুঃখের সাথে মোকাবেলা করা

সেবাসমূহের মধ্যে রয়েছে:

- পরিবারসমূহের জন্য প্রয়োজনীয় সমর্থন মূল্যায়ন করা
- পিতামাতা এবং পরিবারদের নিয়ে কাউন্সিলিং করা
- শিক্ষা এবং সমর্থন দল
- সেবা ও সম্পদের ব্যবহার নিতে তথ্য এবং সহায়তা

সমাজ কর্মীগণ হাসপাতালে আপনার সাথে দেখা করতে পারেন অথবা কিছু বিশেষ ক্ষেত্রে আপনার বাসায় যেতে পারেন।



সুবিধাদি

ভ্রমণ সেবা

স্বাস্থ্যের জন্য পরিবহন – ভতুর্কি ভ্রমণ প্রকল্পে লো রোগীদের জন্য গঠিত অর্থনৈতিক ব্যয় পরিশোধ প্রকল্প। ঐ সমস্ত রোগী যারা দূরত্ব ও নির্জনতার কারণে বঞ্চিত এবং স্থানীয় পর্যায়ে বিশেষজ্ঞ মেডিকেল সেবা ব্যবস্থা না থাকতে পরিবহন ব্যবহার করে তাদেরকে এই বিশেষজ্ঞ চিকিৎসা সেবা নিতে হয়। এই উদ্দেশ্যে ভ্রমণের জন্য তাদেরকে আর্থিক সাহায্য দেয়া হয়।

স্বাস্থ্যের জন্য পরিবহন কার্যক্রম ত্রয় করে সাহায্য প্রদান করে, অথবা দালালের মাধ্যমে, চুক্তিভিত্তিক আয়োজনের মাধ্যমে কিংবা স্থানীয় স্বাস্থ্য সেবা দপ্তরের পরিবহন শর্ত মোতাবেক সরাসরি পরিবহন সহায়তা প্রদান করে থাকে। এছাড়াও মেডিকেল বিশেষজ্ঞ, দস্ত চিকিৎসক এবং অডিওলজিস্টের কাছে রোগী পরিবহনের খরচ ভতুর্কির মাধ্যমে এই কার্যক্রম সহায়তা দেয় (যেমন রাজ্য জুড়ে সকল শিশুর শ্রবণশক্তির পরীক্ষণ (এস ডবি উ আই এস এইচ) কার্যক্রমের অধীনে বাছাইকৃত সকল শিশু)।

স্বাস্থ্যের জন্য পরিবহন ভতুর্কি ভ্রমণ প্রকল্পে নিউ সাউথ ওয়েলস্ স্বাস্থ্য বিভাগ বর্তমানে যে সকল ক্ষেত্রে খরচ দিচ্ছে সেগুলো হল – নির্জন অঞ্চলে বাসকারী রোগীর ভ্রমণ খরচ, বাসস্থান সহায়তা প্রকল্প (আই পি টি এ এ এস) এবং রাজ্য জুড়ে সকল শিশুর শ্রবণশক্তির পরীক্ষণ (এস ডবি উ আই এস এইচ) বাবদ ভ্রমণ।

নির্জন অঞ্চলে বাসকারী রোগীর ভ্রমণ খরচ এবং বাসস্থান সহায়তা প্রকল্প (আই পি টি এ এ এস)

যে সকল লোকজন নির্জন এবং প্রত্যন্ত অঞ্চলে বসবাস করেন, তাদের বিশেষজ্ঞ চিকিৎসা সেবা দেয়ার জন্য আই পি টি এ এ এস তৈরী করা হয়েছে। ঐ সকল পরিবার যারা নিকটস্থ বিশেষজ্ঞ চিকিৎসা কেন্দ্র থেকে ১০০ কিলোমিটার (এক মুখী যাত্রায়) দূরে বসবাস করেন তারা আবেদন করার যোগ্য।

আই পি টি এ এ এস শিশু এবং একজন সঙ্গীকে রেল অথবা বাস ভ্রমণের মূল্য ব্যয় পরিশোধের মাধ্যমে ভ্রমণ সহায়তা দিয়ে থাকে, অথবা একটি সাধারণ তেল ভতুর্কি দেয়। মেডিকেল অনুমোদন ছাড়া ইহা আকাশ পথে ভ্রমণের খরচ দেয় না। আই পি টি এ এ এস বাসস্থানের খরচেও সহায়তা দিয়ে থাকে। এখানে গুরুত্বপূর্ণ বিষয় হল যে আই পি টি এ এ এস সম্পূর্ণ ব্যয় পরিশোধ করে না এবং প্রতিবার অর্থ দাবীর সময় প্রদেয় সুবিধাদি থেকে ব্যক্তিগত খরচ কাটা হয়। আই পি টি এ এ এস অন্যান্য খরচ যেমন খাবারের জন্য ব্যয় পরিশোধ করবে না।

এটি গুরুত্বপূর্ণ যে ব্যয় পরিশোধ পাওয়ার জন্য আপনি রিসিট রেখে দিন।

আই পি টি এ এ এস সম্পর্কে আরো তথ্য নিউ সাউথ ওয়েলস্ স্বাস্থ্য বিভাগের ওয়েব সাইটে পাওয়া যাবে <http://www.health.nsw.gov.au/living/transport/>

এস ডবি উ আই এস এইচ ভ্রমণ সেবা প্রকল্প

এস ডবি উ আই এস এইচ ভ্রমণ সেবা প্রকল্প আই পি টি এ এ এস-এর মতোই। এস ডবি উ আই এস এইচ ভ্রমণ সেই

সকল পরিবারদের জন্য যারা শ্রবণশক্তির মূল্যায়ন রোগ নির্ণয়ের জন্য, এস ডবি উ আই এস এইচ সংশ্লিষ্ট তিনটি তৃতীয় মাত্রার রোগ নির্ণয় কেন্দ্রের যে কোন একটি থেকে ১০০ কিলোমিটার (এক মুখী যাত্রায়) দূরে বসবাস করেন। এই কেন্দ্রগুলো হচ্ছে:

- ওয়েস্টমিড শিশু হাসপাতাল
- জন হান্টার হাসপাতাল
- সিডনী শিশু হাসপাতাল

আপনার স্থানীয় এলাকার স্বাস্থ্য দপ্তরের এস ডবি উ আই এস এইচ সমন্বয়কারী অথবা সমাজ কর্মী এস ডবি উ আই এস এইচ ভ্রমণে আপনাকে সহায়তা করবে।

অর্থনৈতিক চাপ

আপনি যদি প্রচন্ড রকম অর্থনৈতিক দুর্ভাবস্থার স্বীকার হোন, দয়া করে আপনার এস ডবি উ আই এস এইচ সমন্বয়কারী অথবা সমাজ কর্মীর সাথে কথা বলুন যারা আপনাকে সহায়তা দিতে পারে এবং শ্রবণ সংক্রান্ত রোগ নির্ণয়ের পূর্বে অর্থনৈতিকভাবে সাহায্য করতে পারে।

সেবা প্রদানকারীর ভাতা

শ্রবণহীন শিশু থাকার ফলে অতিরিক্ত খরচের জন্য আপনি সেবা প্রদানকারী ভাতার জন্য যোগ্য হতে পারেন। আপনার হাসপাতাল সমাজ কর্মী আপনাকে ফর্ম দিতে পারে এবং কিভাবে এই অর্থায়নের জন্য আবেদন করবেন তার তথ্য দিতে পারে। অপর দিকে আরো তথ্যের জন্য সেন্টারলিংকে 132 717 নাম্বারে যোগাযোগ করতে পারেন অথবা তাদের সাথে দেখা করার জন্য সময় বের করুন।



শ্রবণহীনতা এবং আপনার শিশু: পরবর্তী পদক্ষেপ

পিতামাতা এবং অন্যান্য দল

অসি বধির শিশু (Aussie Deaf Kids) www.aussiedeafkids.com

অসি বধির শিশু (Aussie Deaf Kids)
অস্ট্রেলিয়াতে বসবাসরত শ্রবণ জটিলতা এবং
বধির শিশুদের পিতামাতাদের অনলাইনে
সমর্থন এবং তথ্য সম্পদ দিয়ে থাকে।

এ সি টি বধিরত্ব তথ্য সম্পদ কেন্দ্র (ACT Deafness Resource Centre) www.actdrc.org.au

ক্যানবেরা বধির শিশু এসোসিয়েশনের জন্য
টেলিফোন: (02) 6287 4393
(ম্যাসেজ রেখে দিন)

ক্যানবেরা বধির শিশু এসোসিয়েশন (Canberra Deaf Children's Association) www.canberradeafkids.org.au

বধির শিশু অস্ট্রেলিয়া (Deaf Children Australia) www.deafchildreinaustralia.org.au

শ্রবণ ক্ষমতাহ্রাস পাওয়া শিশু এবং তাদের
পরিবারের প্রয়োজনের প্রতি সাড়া প্রদান স্বরূপ
বধির শিশু অস্ট্রেলিয়া (Deaf Children
Australia) তথ্য, পরামর্শ, সমর্থন সেবা এবং
শিক্ষণীয় সম্পদ প্রদান করে থাকে।

বধির শিশু অস্ট্রেলিয়ার হটলাইন (Deaf Children Australia Hotline)

টেলিফোন: 1800 645 916
সমগ্র অস্ট্রেলিয়া জুড়ে, সোমবার থেকে
শুক্রবার, সকাল ১০টা থেকে বিকাল ৪টা
(ই এস টি) পর্যন্ত লাইন খোলা থাকে।
ফ্যাক্স: (03) 9525 2595
টি টি ওয়াই: (03) 9510 7143

বধির মা'দের ক্লাব (Deaf Mothers' Club (NSW))

টেলিফোন: (02) 9626 5137
ফ্যাক্স: (02) 9262 3418

এই ক্লাব বধির মা'দের সমর্থন জোগায়।
এই ক্লাব প্রতি মাসের ৪র্থ মঙ্গলবার
সিডনির ম্যারাওং (Marayong) -এ
মিলিত হয়।

বধিরত্ব ফোরাম অস্ট্রেলিয়া (Deafness Forum of Australia)

টেলিফোন: (02) 6262 7808
টি টি ওয়াই: (02) 6262 7809
ফ্যাক্স: (02) 6262 7810

বধিরত্ব ফোরাম অস্ট্রেলিয়ার বধির এবং
শ্রবণ ক্ষমতাহ্রাস পাওয়া সমাজের সকল
অগ্রহ এবং মতামতের প্রতিনিধিত্ব করে।
বধির, শ্রবণ ক্ষমতাহ্রাসপ্রাপ্ত অথবা
কানের ক্রমাগত সমস্যা আছে এমন
অস্ট্রেলিয়ানদের জীবন উন্নত করার জন্য
এই বধিরত্ব ফোরামের অস্তিত্ব।

নিউ সাউথ ওয়েলস্ বধির সোসাইটি (Deaf Society of NSW)

টেলিফোন: 1800 893 855
ফ্যাক্স: 1800 898 333
টি টি ওয়াই: 1800 893 885

www.deafsocietynsw.org.au

অস্ট্রেলিয়ান নাগরিক হিসাবে বধির লোক
ঘাতে সম্পূর্ণ অধিকার পায় এবং তাদের
দায়িত্ববোধ পূরণ করতে পারে তা নিশ্চিত
করতে নিউ সাউথ ওয়েলস্ বধির সোসাইটি
সমাজের ভিতর কাজ করে।

নিউ সাউথ ওয়েলস্ বধির সোসাইটির
প্যারামাটা, নিউক্যাসেল, কফস্ কোস্ট এবং
লিজমোরে অফিস আছে।

বধির এবং শ্রবণ ক্ষমতাহ্রাসপ্রাপ্ত ইনকপোরেশন-এর জন্য ডাব্বো এবং ডিস্ট্রিক্ট পিতামাতা সমর্থন দল (Dubbo & District Parent Support Group)

www.pcde.org/information/
dubbo_psg.html
টেলিফোন: (02) 6884 6714

নর্থ সোর বধির শিশু সংগঠন (North Shore Deaf Children's Association)

টেলিফোন: (02) 9438 3919
(02) 9953 4864

শ্রবণহীন শিশুর পিতামাতা, বন্ধু এবং
পেশাজীবীদের জন্য নর্থ সোর বধির শিশু সংগঠন
(এন এস ডি সি এ) একটি সমর্থন নেটওয়ার্ক যা
সিডনি এবং এর বাইরের সদস্যদের তথ্য এবং
সমর্থন দিয়ে থাকে। শিশু এবং তরুণের মধ্যে
শিক্ষা এবং শ্রবণ সেবা উন্নত করার জন্যও এন
এস ডি সি এ তদবির করে থাকে।

বধিরত্ব শিক্ষার জন্য পিতামাতার কাউন্সিল (Parent Council for Deaf Education)


টেলিফোন: (02) 9871 3049
টি টি ওয়াই: (02) 9871 3026
ফ্যাক্স: (02) 9871 3193

বধিরত্ব শিক্ষার জন্য পিতামাতার কাউন্সিল
(পি সি ডি ই) রাজ্য জুড়ে একটি প্রতিষ্ঠান যা
বধিরত্বের সকল দিকের উপর পিতামাতা
এবং শিশুদের তথ্য ও সমর্থন দিয়ে থাকে। পি
সি ডি ই কোন নির্দিষ্ট একটি পরিবারের পক্ষ
হয়ে এবং সকল পিতামাতা ও শিশুদের পক্ষ
হয়ে তদবির সেবা দিয়ে থাকে।

বধিরদের পিতামাতা (পি ও ডি) লিজমোর (Parents of Deaf (POD) Lismore)

টেলিফোন (02) 6622 5572

ইন্টারনেট তথ্য সম্পদ



অস্ট্রেলিয়ান তথ্য সম্পদ

অস্ট্রেলিয়ান হেয়ারিং

অস্ট্রেলিয়াতে শ্রবণহীনতা, হেয়ারিং এইড এবং গবেষণার উপর তথ্য।

www.hearing.com.au

অস্ট্রেলিয়ান বধির সংগঠন (Australian Association of the Deaf)

প্রচলিত শ্রবণ ক্ষমতা হ্রাসপ্রাপ্তদের উপর তথ্য এবং মতামত প্রদান করে।

www.aad.org.au

অসি বধির শিশু (Aussie Deaf Kids)

অস্ট্রেলিয়াতে বসবাসরত শ্রবণ এবং বধির শিশুদের পিতামাতার জন্য অনলাইন সমর্থন এবং তথ্য সম্পদ।

www.aussiedeafkids.com

অস্ট্রেলিয়ার অডিওলজিক্যাল সোসাইটি

অস্ট্রেলিয়াতে শ্রবণ সেবার উপর তথ্য দিয়ে থাকে।

www.audiology.asn.au

প্রথমেই মনে হয় ককলিয়ায় ইমপ্যান্ট কার্যক্রম

ককলিয়ায় ইমপ্যান্টের উপর তথ্য দিয়ে থাকে।

www.shepherdcentre.com.au

সিডনী ককলিয়ার ইমপ্যান্ট কেন্দ্র (এস সি আই সি)

ককলিয়ায় ইমপ্যান্টের উপর তথ্য দিয়ে থাকে।

www.scic.nsw.gov.au

আন্তর্জাতিক তথ্য সম্পদ

শুরু

যারা বধির অথবা শুনতে কষ্ট হয় তাদের পিতামাতার জন্য।

<http://beginningssvcs.com>

বয়েজটাউন ন্যাশনাল রিসার্চ হাসপাতাল (Boystown National Research Hospital)

শিশুদের শ্রবণ ক্ষমতা হ্রাসের তথ্য।

www.boystownhospital.org/Hearing/index.asp

জন্মগত বধিরত্ব (Deafness @ birth)

www.deafnessatbirth.org.uk/index.html

নাক, কান ও গলার চিকিৎসা বিভাগ স্বাস্থ্য বিজ্ঞান কেন্দ্র, Louisiana State University School of Medicine in New Orleans.

অডিটরি নিউরোপ্যাথি/অডিটরি ডিসিনক্রেনি-এর জন্য কি করা যেতে পারে তার উপর তথ্য

www.medschool.lsuhs.edu/otorhinolaryngology/deafness_article6.asp

হ্যান্ডস এন্ড ভয়েসেস্ (ইউ এস এ) (Hands And Voices (USA))

পিতামাতা চালিত সংগঠন যা ঐ সকল পরিবারকে সাহায্য করে যাদের বধির বা কানে কম শুনে এমন শিশু আছে। এছাড়াও এই সংগঠন ঐ সকল পেশাজীবীদেরও সমর্থন জোগায় যারা ঐ সকল শিশুদের সেবা করে।

www.handsandvoices.org

জন ট্র্যাসী ক্লিনিক (John Tracey Clinic)

যে সকল শিশুর শ্রবণ ক্ষমতা হ্রাস পেয়েছে তাদের পিতামাতাকে কেন্দ্র করে বিশুদ্ধে এই সেবা ব্যবস্থা দিয়ে থাকে।

www.johntracyclinic.org

লিসেন আপ (ইউ এস এ) (Listen Up [USA])

শ্রবণ হ্রাসপ্রাপ্ত শিশু এবং তাদের পরিবারদের জন্য অনলাইন তথ্য এবং সমর্থন।

www.listen-up.org

আমার শিশুর শ্রবণ ক্ষমতা (My baby's hearing)

www.babyhearing.org

জাতীয় বধির শিশু সোসাইটি, (ইউ কে) (National Deaf Children's Society, (UK))

বধির শিশু, যুবক এবং তাদের পরিবারদের সমর্থন, তথ্য এবং উপদেশ দিয়ে থাকে।

www.ndcs.org.uk

ভীত

প্রিয় পিতামাতা,

সম্প্রতি আপনার শিশুর যদি শ্রবণ ক্ষমতাহ্রাসের রোগ নির্ণয় করে থাকেন, আমরা জানি আপনি কেমন অনুভব করছেন। আমাদের শিশুদের যখন রোগ নির্ণয় করা হয়েছিল আমাদের সবার সেই সকল একাকীত্ব এবং দুঃখবোধ অনুভবের অভিজ্ঞতা হয়েছিল। রোগ নির্ণয়টি একটি বড় ধরনের ধাক্কা দেয়।

যাই হোক আসন্ন সপ্তাহ, মাস এবং বছরে আপনি আবিষ্কার করবেন যে আপনার শিশু ঐ সকল কাজগুলো করেছে যার স্বপ্ন শিশু জন্ম নেয়ার আগে দেখেছেন। শিশু আপনার দিকে তাকিয়ে হাসবে, আপনার সাথে কথা বলবে, স্কুলে যাবে, খেলাধুলা করবে এবং চাকুরী খুঁজবে। জীবন সব সময় সহজ হবে না, কিন্তু আপনার ভালোবাসা এবং সহযোগিতায়, আপনার শিশু জীবনে সুখ, সম্পূর্ণতা এবং স্বাধীনতা নিয়ে বড় হবে।

বধির এবং শ্রবণ হ্রাসপ্রাপ্ত শিশুদের পিতামাতারা এই পুস্তিকাটি আপনার জন্য রচনা করেছেন। আমরা আপনাকে জানাতে চাই যে আপনি একা নন। আমরা অন্যান্য পিতামাতা থেকে অনেক কিছু শিখেছি এবং তাদের জ্ঞান এবং অভিজ্ঞতা দিয়ে এই পুস্তিকাটি আপনার জন্য তৈরী করেছি। আমরা এটাকে 'ভীত' বলি কারণ আপনি আপনার শিশুর জন্য সুখী এবং সফল ভবিষ্যৎ তৈরী করতে যাচ্ছেন।

শুভেচ্ছা রইল এবং আপনার শিশুর সাহচর্য উপভোগ করুন!

প্রথমত...

শুরুতেই শ্রবণহীনতা চিহ্নিতকরণের **প্রধান লক্ষ্য** হচ্ছে শিশুর সাথে যোগাযোগ করা। কাউলিং, কমফোর্টিং, দোলা দেয়া, হাসা এবং গান করা এই সকলই এক ধরনের যোগাযোগ।

আপনার শিশুর জন্য আপনার হৃদয়ে আছে সর্বোত্তম কল্যাণ কামনা। পিতামাতা তাদের শিশুদের জন্য প্রাকৃতিক পরামর্শক এবং আপনার শিশুর ভবিষ্যৎ পরিকল্পনার জন্য আপনার কার্যকর ভূমিকা থাকা উচিত।

এক বারে শুধু **একটি পদক্ষেপ নিন** – মহান ভ্রমণ একক পদক্ষেপ থেকে শুরু হয়।

বিভিন্ন উৎস থেকে **যতটুকু সম্ভব** তথ্য নিন। পিতামাতা যারা পক্ষপাতহীন তথ্য এবং সমর্থন নেয়, সাধারণত তারা তাদের শিশু এবং পরিবারের জন্য সঠিক সিদ্ধান্ত নেয়।

সিদ্ধান্ত নিতে **সময় নিন** – তাড়াহড়ার প্রয়োজন নাই। তবে, এই ক্ষেত্রে মাসের পর মাস সময় নেয়া ভালো নয়।

প্রশ্ন করুন এবং নিশ্চিত হোন যে আপনি উত্তর বুঝতে পেরেছেন।

আপনার শিশুর ডাক্তার এবং অডিওলজিস্টকে প্রধান পয়েন্ট যেখানে তারা আপনার সাথে আলোচনা করেছেন তা লিখতে বলুন।

আপনার শিশুর উদ্বেগ এবং চিন্তা **নিয়ন্ত্রিত কথা বলুন**।

জনগণকে আপনি এবং আপনার পরিবারকে সাহায্য এবং সমর্থন দিতে দিন – প্রয়োজনমতো সাহায্যের জন্য বলুন।

আপনার শিশুর শ্রবণহীনতা নিয়ে সকল তথ্য একটি স্থানে **জমা রাখুন**।

আপনার প্রতি নম্রতার **পরিচয় দিন** – বাইরে কোথাও বেরিয়ে আসুন।



শক্তি ভিত্তি...

আপনার শিশুর শ্রবণহীনতা জানা আপনার জন্য একটি বড় আঘাত। সৌভাগ্য এই যে আপনার কাছ থেকে এই মুহুর্তে শিশুর সবচেয়ে বেশী যেস্ত লোর দরকার সেস্ত লো প্রদানে পিতামাতা এমনিতেই খুব ভালো, যেমন - স্পর্শ করা, কথা বলা, আরাম দেয়া এবং ভালোবাসা। যেহেতু আপনার জন্য অনেক কিছু শিখার আছে এবং অনেক সিদ্ধান্ত নেয়ার প্রয়োজন হয়, তরুও আপনার শিশুর সহচর্য উপভোগ করুন এবং একটি আরামদায়ক রুটিনে স্থায়ীত্ব গড়ে তুলুন।

আপনি ইতিমধ্যেই সম্ভবত শিশুর শ্রবণহীনতা সম্পর্কে আপনার ডাক্তার অথবা অডিওলজিস্টের কাছ থেকে শিখতে শুরু করেছেন। সমস্ত তথ্যসমূহ আপনার কাছে বেশী মনে হতে পারে। কিন্তু পিতামাতা শিখেছে যে শ্রবণহীনতা এবং এর ব্যবস্থাপনা সম্পর্কে যত বেশী তথ্য আমরা জানবো, আমরা তত বেশী নিয়ন্ত্রণে থাকব এবং প্রয়োজনীয় কাজ সম্পন্ন করা সহজ হবে।

জানই শক্তি। বিভিন্ন উৎস থেকে যত পারেন তথ্য সংগ্রহ করুন। ছোট বই, পুস্তিকা, বিভিন্ন লিখন এবং ওয়েব সাইট পড়ুন। আপনি দেখতে পাবেন কিছু তথ্য সম্পদ খুবই সাহায্যকারী এবং কিছু উপাদান আপনি পছন্দ নাও করতে পারেন। আমাদের শিশুরা সকলেই স্বতন্ত্র এবং আমাদের পরিবারদের বিভিন্ন প্রয়োজন আছে। যা একটি পরিবারের জন্য উপযোগী তা আপনার জন্য সঠিক নাও হতে পারে।

নিজের প্রতি যত্ন নিন...

পিতামাতা তাদের সন্তানের শ্রবণহীনতা জানার পর বিভিন্ন উপায়ে সাড়া দেয়। অস্বীকার, রাগ, দুঃখ এবং ভয় এই সবই সাধারণ প্রতিক্রিয়া। আমরা বেশীর ভাগই কাঁদি। আমরা রোগ নির্ণয়ে কি রকম সাড়া দেই তা অনেক কিছুর উপর নির্ভর করে যা আমাদের এবং আমাদের পরিবারের জন্য স্বতন্ত্র। সময়ের পরিবর্তনে এই সকল প্রচণ্ড অনুভবের মাত্রা কমে আসে। আমরা পরিস্থিতি মেনে নিতে শিখি এবং জীবন চালিয়ে যাই – বধিরত্বকে জীবনের কর্মকান্ডের সাথে মিলিয়ে নেই। অনেক সময় দুঃখ বা ভারাক্রান্ত আসবে – এটাই হল মমতাময়ী পিতামাতার রূপ।

শ্রবণহীন শিশু পুরো পরিবারকে প্রভাবিত করে। পিতামাতা তাদের নতুন ভূমিকায় ভিন্নভাবে আবির্ভাব ঘটাতে পারে। তাদের অনুভূতি এবং প্রতিক্রিয়া ভিন্ন হতে পারে। আপনার সঙ্গীর সাথে আপনার অনুভূতি নিয়ে কথা বলুন এবং তাদের প্রয়োজন নিয়েও সজাগ থাকুন। এছাড়া অন্যান্য পরিবার ও বন্ধু যাদের আপনি বিশ্বাস করেন ও ভালোবাসেন তাদের সাথে আপনার অনুভূতি কথা বলা উপকারে আসতে পারে। পরিবার ও বন্ধুদের সাথে সৎ ও খোলামেলা হলে তারা বুঝতে পারবে যে আপনার শিশু এবং তার শ্রবণহীনতা নিয়ে কথা বলা যায় এবং তারা এই পরিস্থিতি নিয়ে আপনাকে ভালোভাবে সাহায্য করতে পারবে। আপনার যদি অন্যান্য শিশু থাকে, তাদের অনুভূতি এবং প্রয়োজনের দিকে লক্ষ্য রাখুন।

আপনার শিশুর জগতে আপনি কেন্দ্রবিন্দু এবং পরবর্তী কয়েক মাস আপনার নিজের দিকে লক্ষ্য রাখা গুরুত্বপূর্ণ। ঘুমানোর চেষ্টা করুন, স্বাস্থ্যসম্মত খাবার খান এবং কিছু নিয়মিত ব্যায়াম করুন। প্রতিদিন হাঁটা আপনার এবং আপনার শিশুর জন্য ভালো!

আপনার শিশুর রোগ নির্ণয়ের পর প্রথম কয়েক সপ্তাহ মনযোগ দেয়া এবং 'সময়ের সাথে কাজ করা' কঠিন হবে। পরিবার এবং বন্ধুদের কাছ থেকে সাহায্য নিন। আপনার পরিবার এবং বন্ধুদের দেয়ার জন্য আমরা একসঙ্গে বই রেখেছি যাতে তাদের জন্য কিছু সাহায্যকারী টিপস্ এবং পরামর্শ আছে। একটি ভালো খাবার, বেবী সিটিং অথবা আপনার অন্য শিশুকে স্কুলে নিয়ে যাওয়া – এই সকলই আপনার সাহায্যে আসবে এবং এই কাজগুলোকে সুযোগ করে দিন যেন তারা আপনার যত্ন নিতে পারে।

আপনার প্রয়োজন হবে...

দুইটি রিং বাইন্ডার – একটি আপনার শিশুর পরীক্ষার ফল ও রিপোর্টের জন্য এবং অন্যটি শ্রবণহীনতা, সেবা ইত্যাদি তথ্যের জন্য।

একটি ব্যবসা কার্ড হোল্ডার – প্রত্যেক ব্যক্তি যাদের সাথে আপনার সাক্ষাৎ হবে, তাদের কাছ থেকে ব্যবসা কার্ড নিবেন এবং তাদের প্রত্যেকের যোগাযোগের বিস্তারিত বর্ণনা হাতের কাছে রাখবেন।

একটি বর্ষপঞ্জী – পরবর্তী কয়েক মাসে আপনার অনেক সাক্ষাতসূচী থাকবে। বন্ধুদের সাথে কফি অথবা পরিবারের সাথে খাওয়ার (তাদের রাখতে দিন!) সময়টা মনে রাখবেন।

একটি নথিপত্র – সবকিছু লিখে রাখুন। আমরা যখন চাপের মধ্যে থাকি তখন আমাদের যা বলা হয় প্রায়ই আমরা ভুলে যাই এবং জিনিস লিখে রাখা একটি ভালো পরিকল্পনা। সাক্ষাত সূচীর এবং ফোন কল ইত্যাদির রেকর্ড লিখে রাখুন। সেগুলো সংক্ষিপ্ত হতে পারে কিন্তু সাহায্যকারী। অনেক পিতামাতা তাদের চিন্তা এবং অনুভূতিগুলো লিখে রাখাকেও সাহায্যকারী মনে করেন।



আপনার দল...

পরবর্তী সপ্তাহ ও মাসগুলোতে আপনি এবং আপনার শিশুর বিভিন্ন লোকদের সাথে দেখা হবে। তারা সকলেই একটি বহুমুখী বিভাগের সমন্বয়ে গঠিত দলের অংশ এবং এরা আপনাকে নির্দেশনা এবং সমর্থন প্রদান করার জন্য আছে।

- আপনার শিশুর দলের জন্য আপনি এবং আপনার পরিবার হলো সবচেয়ে গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গ এবং এটি গুরুত্বপূর্ণ যে আপনি আপনার দলের সদস্যদের সাথে একটি ভালো সহানুভূতিপূর্ণ সম্পর্ক তৈরি করবেন। আপনি তখন আপনার উদ্বেগ প্রকাশ এবং তাদের সাথে আপনার প্রয়োজনীয় যোগাযোগের জন্য স্বস্তি অনুভব করবেন।
- সাক্ষাত সূচীতে একটি প্রশ্নের তালিকা আপনার সাথে নিয়ে যাবেন। আমরা যখন ডাক্তার বা অডিওলজিস্টের কাছে যাই তখন প্রায়ই সবচেয়ে গুরুত্বপূর্ণ প্রশ্ন ভুলে যাই।
- কোন প্রশ্নই তুচ্ছ নয় – আপনার আগে সর্বদাই কেউ না কেউ একই প্রশ্ন করেছে।
- আপনি আপনার প্রশ্নের উত্তর বুঝেছেন কিনা তা নিশ্চিত হোন – আন্দাজের উপর বিশ্বাস করে বাড়ী যাবেন না।
- আপনি যদি ইংরেজীতে স্বাচ্ছন্দ বোধ না করেন তাহলে একজন পেশাদার দোভাষীর জন্য বলুন।
- আপনার রেকর্ডের জন্য রিপোর্ট ও পরীক্ষার ফলাফলের কপি বুঝে নিন। পরবর্তী সময়ে এগুলো সাহায্যে আসতে পারে। যে ফোল্ডার দিয়ে শুরু করেছেন সেখানে এগুলো রেখে দিন।
- একজন পেশাজীবির সুপারিশের জন্য প্রশ্ন করতে পারেন অথবা দ্বিতীয় মতের জন্য জিজ্ঞাসা করতে পারেন। আপনাকে আপনার শিশুর শ্রবণহীনতার ব্যবস্থাপনা নিয়ে অবশ্যই চিন্তামুক্ত হতে হবে।


তথ্য...

শ্রবণহীনতা সম্পর্কে মানসনাত তথ্য এবং এই তথ্যের ব্যবস্থাপনা খুব গুরুত্বপূর্ণ। বিভিন্ন উৎস থেকে যত পারেন তত তথ্য নিন এবং যা শিখেছেন তা নিয়ে আপনার দলভুক্ত পেশাজীবীদের সাথে, আপনার পরিবার, বন্ধু-বান্ধব এবং অন্যান্য শ্রবণহীন শিশুর পিতামাতার সাথে আলোচনা করুন। আপনি তখন আপনার শিশুর ভবিষ্যৎ নিয়ে তথ্য সমৃদ্ধ সঠিক সিদ্ধান্ত গ্রহণ করতে সক্ষম হবেন।

কিছু পিতামাতা সমস্ত প্রাথমিক তথ্যকে ব্যাপক মনে করেন এবং আশঙ্কিত আনা কঠিন মনে করেন যেখানে অন্যরা পর্যাপ্ত তথ্য পায় না। আপনার মানানসই স্থানে যান। কিন্তু মনে রাখবেন যে আসন্ন বছরগুলোতে ব্যবহারের জন্য বর্তমান তথ্য ধরে রাখা গুরুত্বপূর্ণ। প্রযুক্তি, সরকারী নিয়ম-নীতি এবং এ জাতীয় জিনিস সময়ের সাথে পরিবর্তন হয় এবং আপনার শিশুর বৃদ্ধির সাথে সাথে আপনাকে তথ্য সংগ্রহে সমসাময়িক হতে হবে।

ভালো, সঠিক ও নির্ভরযোগ্য তথ্যের অনেক চমৎকার উৎস আছে যেমন – বই, ছোট বই এবং অনলাইন তথ্যকণিকা। *অস্ট্রেলিয়ান হেয়ারিং-এর 'চয়েসেস্'* হলো সবচেয়ে ভালো শুরুর স্থান অথবা রোগ নির্ণয়ের হাসপাতালে আপনার পেডিয়াট্রিশিয়ান অথবা অডিওলজিস্টকে সুপারিশের জন্য বলুন। এই গাইডের শেষ পৃষ্ঠায় আমরা কিছু অনলাইনের তথ্য সম্পদ অন্তর্ভুক্ত করেছি।


বেশীরভাগ পিতামাতা মনে করেন অন্যান্য বধির বা শ্রবণহাসপ্রাপ্ত শিশুর পিতামাতা হলেন জ্ঞান এবং অভিজ্ঞতার জন্য একটি চমৎকার উৎস।



সিদ্ধান্ত ...

আমাদের শিশুদের যখন শ্রবণহীনতার রোগ নির্ণয় করা হবে তখন অনেক সিদ্ধান্ত নিতে হবে। এই সিদ্ধান্তগুলো নিতে হয় যখন আমরা প্রচণ্ড ভারাক্রান্ত অবস্থায় থাকি এবং আমাদের জ্ঞান ভান্ডার সীমিত...

- কোন কিছু নিয়ে তাড়াহড়়া করবেন না। আপনার শিশুর শ্রবণহীনতা ও প্রয়োজনীয়তা সম্পর্কে খোঁজখবর নিতে কয়েক সপ্তাহ সময় নিলে শিশুর ভবিষ্যতের উপর কোন প্রভাব পরবে না। তবে এর জন্য মাসের পর মাস সময় নেয়া ঠিক হবে না। আপনার শিশুর যখন ৬ মাস বয়স তখন তাকে হেয়ারিং এইড এবং প্রাথমিক পর্যায়ের হস্তক্ষেপ শুরুর জন্য সুপারিশ করা যাচ্ছে।
- আপনার শিশু এবং পরিবারের উপযোগী পথ বেছে নেয়ার অধিকার আপনার আছে। সিদ্ধান্ত নেয়ার পূর্বে নিশ্চিত হয়ে নিন যে আপনার নিকট সকল পছন্দ নিয়ে ভেবে দেখার সুযোগ আছে। একজন ওয়াকিবহাল সিদ্ধান্ত গ্রহণকারী হোন।
- বর্তমানে নেয়া সিদ্ধান্ত আপনি পরিবর্তন করতে পারবেন – যে সিদ্ধান্ত এখন আপনার পরিবারের জন্য সঠিক, কয়েক বছর পর তা সঠিক নাও হতে পারে।
- আপনার পরিবারের জন্য উপযোগী প্রাথমিক পর্যায়ের হস্তক্ষেপ সেবার জন্য বিভিন্ন স্থানে খোঁজ নিয়ে দেখুন। ঐ সকল স্থানের কর্মীদের সাথে দেখা করুন এবং কথা বলুন। কিছু সময়ের জন্য তারা আপনার জীবনে গুরুত্বপূর্ণ হয়ে উঠবে, সুতরাং এটি গুরুত্বপূর্ণ যে তাদের সেবায় আপনি আরামদায়ক অনুভব করবেন এবং আত্মবিশ্বাসী হবেন।



গ্রামাণ পরিবারবর্গ...

শহরের বাইরে থাকা পরিবারবর্গদের জন্য আরো অন্যান্য প্রতিদ্বন্দ্বীতা থাকে। বিশেষজ্ঞ এবং অডিওলজিক্যাল সেবা পেতে আপনাকে সম্ভবত অনেক দূর ভ্রমণ করার প্রয়োজন হতে পারে। কাজের ব্যাপার, অন্যান্য শিশুদের দেখাশুনা এবং ছোট শিশু নিয়ে ভ্রমণ করা গ্রামের পরিবারদের জন্য চাপ বাড়ায়। এটা এমন হতে পারে যে আপনি মাত্রই ঘরে ফিরেছেন এবং আপনাকে অবশ্যই আবার বাইরে বেরোতে হবে।

এটা সময়ের সাথে উন্নত হবে। অল্প কিছু সাক্ষাত সূচী থাকবে এবং আপনি বাড়ীর কাছাকাছি অস্ট্রেলিয়ান হেয়ারিং কেন্দ্র যেতে পারবেন। আপনার জন্য কিছু সেবা আছে যা আপনার অর্থনৈতিক দুরাবস্থায় সাহায্য আসতে পারে। আপনার রাজ্যের ডাক্তার, অডিওলজিস্ট অথবা হাসপাতালের সমাজ কর্মীকে ভ্রমণ এবং বাসস্থানের জন্য অর্থনৈতিক সহায়তার কথা জিজ্ঞাসা করুন।

নিরাপদে ভ্রমণ করুন। আপনি যদি বিচলিত থাকেন তাহলে গাড়ী চালানো না। একটি সাক্ষাত সূচীর পর রাত্রিযাপন করা ভালো হতে পারে এবং যখন আপনি এবং আপনার শিশু বিশ্রাম এবং আরাম বোধ করবেন তখন গাড়ী চালিয়ে বাড়ী যাবেন।

গোছানো থাকুন। সকল তথ্য এক জায়গায় রাখুন। যে সকল ফর্মে স্বাক্ষর করা প্রয়োজন তা মনে রাখবেন। আপনার সকল প্রশ্ন লিখে রাখুন। ডাক্তার, অডিওলজিস্ট অথবা স্বাস্থ্য পেশাজীবীদের তাড়াহুড়া করতে দিবেন না। সাক্ষাত সূচীর জন্য আপনি অনেক দূর থেকে ভ্রমণ করে এসেছেন এবং আপনার এই অনুভূতি নিয়ে বাড়ী যাওয়া উচিত যে সাক্ষাতটি কাজে এসেছে।

এমনভাবে সাক্ষাত সূচী সাজানোর চেষ্টা করবেন যেন তা আপনার এবং আপনার পরিবারের জন্য সহজতম হয়। শুক্রবার বিকেলের দিকে অথবা সোমবার খুব সকালের দিকে নিলে পরিবারের জন্য কম ঝামেলা হতে পারে।

মনে রাখবেন যারা আপনাকে যত্ন করে তারা আপনাকে সাহায্য এবং সমর্থনের জন্য বলবে। যখন আপনার প্রয়োজন হবে তাদের বলুন – আবার অন্য সময় আসবে যখন আপনি এই অনুগ্রহ ফিরিয়ে দিতে পারবেন।

আপনি একা নন...

বেশীর ভাগ পিতামাতা খুব একাকিত্ব অনুভব করে যখন তাদের শিশুর শ্রবণহীনতার রোগ নির্ণয় করা হয়। কিন্তু আপনি একা নন। অনেক পিতামাতা আছেন যারা আপনার পূর্বে এই ভ্রমশ শুরু করেছেন। জানতে চেষ্টা করুন যে এই ধরনের পরিস্থিতিতে এক পরিবারের সাথে অন্য পরিবারের যোগাযোগ কতটা গুরুত্বপূর্ণ।

অন্যান্য পিতামাতাকে আপনি কোথায় পেতে পারেন? আপনার অডিওলজিস্টকে বলুন যে আপনি আপনার স্থানীয় এলাকার পিতামাতাদের সাথে যোগাযোগ করতে আগ্রহী। আপনার প্রাথমিক পরিচর্যা সেবা অন্যান্য পরিবারদের সমর্থন এবং বন্ধুত্বের জন্য চমৎকার উৎস হতে পারে। বেশীর ভাগ রাজ্যে পিতামাতা দল থাকে যারা সকল বয়সী শিশুর পিতামাতাদের তথ্য এবং সমর্থন দিয়ে থাকে। এবং সবার শেষে, যদিও এখানেই শেষ নয় - অনলাইন দল আছে যেখানে বিভিন্ন পরিবারবর্গ যাদের শ্রবণহীন শিশু রয়েছে, তাদের প্রতিদিনের পরিস্থিতি থেকে অন্যান্য পরিবারবর্গ সমর্থন এবং ভালো বাস্তু বসম্মত তথ্য পায়।

আপনি অন্যান্য পিতামাতাদের কাছ থেকে অনেক কিছু শিখবেন। তাদের বিশাল অভিজ্ঞতা এবং জ্ঞানের ভান্ডার আছে যা থেকে আপনি উপকৃত হবেন। এবং অন্যান্য পিতামাতাগণ আপনার স্বতন্ত্র অবস্থান ও অভিজ্ঞতা থেকে শিখতে পারে। আপনি সত্যিই একা নন...



শ্রবণহীনতা এবং
আপনার শিশু:
পরবর্তী পদক্ষেপ

স্বীকৃতি

SWISH Parent Information Package Working Party

Monica Wilkinson	Sydney Children's Hospital, Chair
Rose Douglas	Children's Hospital, Westmead
Deborah Friend	SWISH Social Worker, JHH
Andrew Geyl	John Hunter Hospital
Jenny Havyatt	SWISH Social Worker, CHW
Pat Mutton	Deafness Centre, CHW
Ann Porter	Aussie Deaf Kids
Leigh-Erin Radford	SWISH, NSW Health
Sue Rayner	North Shore Deaf Children's Association
David Starte	Hearing Support Centre, SCH
Monica Summers	Jim Patrick Audiology Centre, RIDBC
Heidi Taylor	SWISH Social Worker, SCH
Marlena Samphier	Speech & Language Student, University of Sydney

